# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Magh 04, 1430 Bangla, January 18, 2024, Thursday, No. 18, 54th year

# H I G H L I G H T S

AL GS claims 12th national election was not rigged. Opposition had boycotted the election, so a new strategy had to be adopted. Adds, election was free, fair & competitive with people's participation.
(Jago FM: 23)

BNP SJSG alleges that Bangladesh has a total of 648 sworn members of parliament in the country which is constitutionally illegal. (R. Today: 20)

Peter Haas, US Ambassador in Dhaka says, US looks forward to taking forward relations with BD through cooperation on security, defence, trade expansion, Rohingya crisis & climate change related issues.
(DW: 16)

Referring to the many years of BD's relationship with the European Union, Charles Whiteley, head of the EU delegation in Dhaka expresses his determination to move forward this relationship. (Jago FM: 24)

HC warns Nurul Haque Nur, president of Gono Odhikar Parishad, that misleading public through derogatory remarks about judiciary could lead to the 'breakdown' of the country's judiciary system.
(Jago FM: 22)

TIB has termed 12th National election as a one-sided and staged to look competitive one, saying it is an ominous sign for the future of country's democracy & democratic elections. (DW: 16)

A ferry named Rajnigandha capsized with vehicles in the middle of the Padma River in Paturia of Manikganj. In this incident, 20 people were rescued alive & one person was reported missing.
(R. Today: 18)

CPD says in a survey that main problem in country's business is corruption. About 68% of businessmen identified high level of corruption as the number one problem. Second is inefficient bureaucracy.
(R. Today: 20)

Gas crisis in the country has intensified disrupting Industrial production. State Minister for Power, Energy and Mineral Resources called it a 'temporary crisis', but energy experts say that there is little chance of this crisis going away soon. (DW: 16)

In the 2023 census, population of religious minorities in BD has decreased due to various reasons including lack of security. In 12th Parliament, there are 15 elected representatives of about one and a half million minority people. As a percentage it is only 5 percent. (VOA: 11)

Oalid Islam, First Secretary at Bangladesh Embassy in Tehran in a Facebook post claims, he hid his third gender identity for more than three decades to survive in the society. (BBC: 07)

**Director: 44813046** **Deputy News Controller: 44813048 44813179** **Assistant News Controller: 44813047 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ০৪, বাংলা ১৪৩০, জানুয়ারি ১৮, ২০২৪, বৃহস্পতিবার, নং- ১৮, ৫৪তম বছর**

# শিরোনাম

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পাতানো ছিল না বলে দাবি করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেছেন, 'বিরোধীরা নির্বাচন বয়কট করায় নতুন রণকৌশল নিতে হয়েছে। যেখানে জনগণের অংশগ্রহণে নির্বাচন অবাধ, সুষ্ঠু ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হয়েছে।' (জাগো এফএম: ২৩)

বিএনপি সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দেশে এই মুহূর্তে একাদশ সংসদের ৩৫০ জন আর দ্বাদশ সংসদের ২৯৮ জনসহ মোট ৬৪৮ জন শপথবদ্ধ এমপি রয়েছেন। এটি সাংবাদিকভাবে অবৈধ। (রে. টুডে: ২০)

ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস বলেন, নিরাপত্তা, প্রতিরক্ষা, ব্যবসার সম্প্রসারণ, রোহিঙ্গা সমস্যার সমাধান ও জলবায়ু পরিবর্তনে সহযোগিতার মাধ্যমে বাংলাদেশের সঙ্গে সম্পর্ক এগিয়ে নিতে চায় যুক্তরাষ্ট্র। (ডয়চে ভেলে: ১৬)

ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক বহু বছরের উল্লেখ করে এই সম্পর্ককে আরো এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করেছেন ঢাকায় ইইউ প্রতিনিধিদলের প্রধান চার্লস হুইটলি। (জাগো এফএম: ২৪)

গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরকে উদ্দেশ্য করে হাইকোর্ট বলেছেন, বিচার বিভাগ নিয়ে জনগণকে বিভ্রান্ত করবেন না। এতে বিচার বিভাগ ভেঙে পড়বে। (জাগো এফএম : ২২)

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে একপাক্ষিক ও পাতানো প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ মন্তব্য করে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) বলেছে, এটি দেশের গণতন্ত্র ও গণতান্ত্রিক নির্বাচনের ভবিষ্যতের জন্য অশনিসংকেত। (ডয়চে ভেলে : ১৬)

মানিকগঞ্জের পাটুরিয়া-দৌলতদিয়া নৌরুটে রজনীগন্ধা নামের একটি ফেরি ডুবির ঘটনা ঘটেছে। এ ঘটনায় ২০ জনকে জীবিত উদ্ধার করা হয়েছে এবং একজনের নিখোঁজের খবর পাওয়া গেছে। (রে. টুডে: ১৮)

বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগ সিপিডি এক জরিপে বলেছে, দেশের ব্যবসা-বাণিজ্যে এক নম্বর সমস্যা দুর্নীতি। প্রায় ৬৮ শতাংশ ব্যবসায়ী উচ্চ মাত্রার দুর্নীতি এই সমস্যাকে এক নম্বর হিসেবে চিহ্নিত করেছেন। দ্বিতীয় স্থানে আছে অদক্ষ আমলাতন্ত্র। (রে. টুডে: ২০)

শীতে দেশে গ্যাস সংকট তীব্র হয়েছে। গ্যাসের অভাবে শিল্প উৎপাদন ব্যাহত হচ্ছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী এটাকে `সাময়িক সংকট' বললেও জ্বালানি বিশেষজ্ঞরা বলছেন, সহসা এই সংকট দূর হওয়ার সম্ভাবনা কম। (ডয়চে ভেলে : ১৬)

২০২৩ সালের জনশুমারিতে নিরাপত্তার অভাবসহ নানা কারণে বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের জনসংখ্যা কমেছে। দ্বাদশ সংসদে প্রায় দেড় কোটি সংখ্যালঘু মানুষের নির্বাচিত জনপ্রতিনিধি ১৫ জন। শতাংশের হিসাবে মাত্র ৫ শতাংশ। (ভোয়া: ১১)

ইরানে বাংলাদেশি দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি ওয়ালিদ ইসলামের একটি ফেসবুক পোস্ট ছড়িয়ে পড়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। যেখানে তিনি দাবি করেছেন, সমাজে টিকে থাকার জন্যই দীর্ঘ তিন দশকেরও বেশি সময় ধরে লুকিয়ে রেখেছিলেন নিজের তৃতীয় লিঙ্গের পরিচয়। (বিবিসি : ০৭)

# বিবিসি

## পাটুরিয়ায় যানবাহন নিয়ে ফেরি 'রজনীগন্ধা' ডুবে যাওয়ার বিষয়ে যা জানা যাচ্ছে

বেশ কিছু যানবাহন ও যাত্রী নিয়ে পাটুরিয়া-দৌলতদিয়া রুটের একটি ফেরি ডুবে গেছে। বুধবার ভোরে ডুবে যাওয়া ফেরিটির নাম রজনীগন্ধা। বাংলাদেশের নৌ পরিবহন সংস্থা বিআইডব্লিউটিসির আরিচা ঘাট কার্যালয়ের সহকারী ম্যানেজার মো. আব্দুস সালাম বিবিসিকে এ তথ্য নিশ্চিত করেন। ফায়ার সার্ভিস জানিয়েছে, উদ্ধার কাজে অংশ নিতে এখন পর্যন্ত তাদের কয়েকটি ইউনিট যোগ দিয়েছে। ঘটনার পর সকাল ১১টা পর্যন্ত ১০ জনকে জীবিত উদ্ধার করার কথা জানিয়েছে ফায়ার সার্ভিস। তবে, এখনো পর্যন্ত হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। দুর্ঘটনার কারণ সম্পর্কে পরিষ্কার ধারণা দিতে পারেননি কর্মকর্তারা। তবে এ জন্য একটি তদন্ত কমিটি গঠন করার কথা জানিয়েছে কর্তৃপক্ষ। আরিচা ঘাট কর্তৃপক্ষ এবং স্থানীয়রা জানাচ্ছেন, মঙ্গলবার গভীর রাতে রাজবাড়ীর দৌলতদিয়া ঘাট এলাকা থেকে ছেড়ে আসে রজনীগন্ধা ফেরিটি। ভোর রাতে মানিকগঞ্জের আরিচা প্রান্তে পৌঁছালেও ঘন কুয়াশায় পথ দেখতে না পাওয়ায় মাঝ নদীতে অনেকক্ষণ নোঙ্গর করে ছিল ফেরিটি। সকালে কুয়াশা কিছুটা কাটলে তীরে ভেরার চেষ্টা করে ফেরিটি। তখন পাশ থেকে যাওয়া একটি বাল্কহেড ফেরিটিকে ধাক্কা দিলে ফেরিটি ক্ষতিগ্রস্ত হয়। স্থানীয়রা বলছেন, মূলত ঘন কুয়াশার কারণেই এই দুর্ঘটনাটি ঘটেছে।

দৌলতদিয়া প্রান্ত থেকে ফেরিটি ছেড়ে আসার সময় এতে বেশকিছু যানবাবহন ছিল। যার মধ্যে বেশিরভাগই পণ্যবাহী ট্রাক। তবে, নিজস্ব ক্রু ও যানবাহনসহ ফেরিটিতে ঠিক কতজন ছিল সেই তথ্য কেউ নিশ্চিত করতে পারেনি। ডুবে যাওয়া ফেরিটি উদ্ধারে কাজ করছে ফায়ার সার্ভিস ও নৌ পুলিশের উদ্ধারকারী দল। সকাল আটটায় দুর্ঘটনার পর সাড়ে ৯টায় পুরোপুরি ডুবে যায় ফেরিটি। তার আগ পর্যন্ত কিছুটা অংশ পানির ওপরে দেখা যাচ্ছিলো বলে জানান স্থানীয় বাসিন্দারা।

এর আগে ২০২১ সালের অক্টোবরে মানিকগঞ্জের পাটুরিয়া ঘাটেই ডুবে যায় আমানত শাহ নামের একটি ফেরি। ফায়ার সার্ভিস বলছে, দুর্ঘটনার পর সকাল ১১টা পর্যন্ত ১০ জনকে জীবিত উদ্ধার করা হয়েছে। দুর্ঘটনার সময় ফেরিতে কত মানুষ ছিলেন সে সম্পর্কে তাৎক্ষণিক জানাতে না পারলেও অন্তত ৯টি পণ্যবাহী ট্রাক ছিল বলে জানিয়েছে ফায়ার সার্ভিস। স্থানীয় গণমাধ্যমগুলোও জানাচ্ছে, ডুবে যাওয়ার আগে ফেরিটিতে সাতটি ছোট ট্রাক ও দুইটি বড় ট্রাক ছিলো। এতে অন্য কোনো যাত্রীবাহী পরিবহন ছিল না।

ফায়ার সার্ভিস ঢাকা অঞ্চলের সহকারী পরিচালক আনোয়ার হোসেন বলেন, "আমরা আটটার সময় প্রথম সংবাদ পাই। সংবাদ পাওয়ার সাথে সাথে ২৫-৩০ জনের একটা টিম সংবাদ রওনা দেয়। যার মধ্যে ১০ জনের ডুবুরি দল রয়েছে। এসেই দেখি নয়টি ট্রাক নিয়ে ফেরিটি ডুবে যাচ্ছিলো। তখন আমরা স্পিডবোড নিয়ে ঘটনাস্থলে যাই।„ বিআইডব্লিউটিসি,র বরাত দিয়ে তিনি জানান, ফেরির দুই জন চালকের মধ্যে একজনের নাম হুমায়ুন, এখন পর্যন্ত তিনি নিখোঁজ রয়েছেন। "ফেরিঘাটে দুটি স্পিডবোড ও একটি লঞ্চ বাঁধা ছিল। পরে আমরা ডুবে যাওয়া ফেরি থেকে প্রাথমিকভাবে ছয়জনকে জীবিত উদ্ধার করি„, বলেন মি. হোসেন। ফেরিটি ডুবে যাওয়ার আগে একটি বয়া ফেরির সাথে এটিকে বেঁধে দিয়েছিলো ফায়ার সার্ভিসের কর্মীরা। মি. হোসেন জানান, "উদ্ধারকারী জাহাজ হামজা ও রুস্তম ঘটনাস্থলের উদ্দেশে রওনা হয়েছে। অল্প কিছুক্ষণের মধ্যে চলে আসবে। তখন আমরা সমন্বিতভাবে উদ্ধার কার্যক্রম চালাবো।„ এদিকে, ফেরিডুবির ঘটনায় মানিকগঞ্জ জেলা প্রশাসনের পক্ষ থেকে পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

বাংলাদেশে পদ্মা নদীকে তার উত্তাল ঢেউ এবং দুর্ঘটনা প্রবণতার কারণে এক সময় 'প্রমত্তা পদ্মা' বলে অভিহিত করা হতো। কিন্তু, গভীরতা কমে যাওয়ার কারণে পদ্মার সেই নাম এখন অনেকটাই অপ্রাসঙ্গিক হয়ে গেছে। তা সত্ত্বেও এখনো প্রতি বছরই পদ্মায় এ ধরনের ছোটবড় অনেক দুর্ঘটনা ঘটে। এর আগে ২০২১ সালে মানিকগঞ্জের পাটুরিয়া ঘাটে যানবাহন নিয়ে একটি ফেরি কাত হয়ে পদ্মা নদীতে আংশিক ডুবে যায়। সে সময় ফেরিতে থাকা অন্তত ১৭টি ট্রাক পানিতে ডুবে যায় বলে কর্মকর্তারা জানান। ফেরিতে শুধুমাত্র পণ্যবাহী ট্রাক ছিল বলে জানান কর্মকর্তারা।

বাংলাদেশে এক সময় প্রায় ১ হাজার ৩০০-র মতো নদী ছিল, যে কারণে দেশটিকে নদীমাতৃক দেশ বলা হয়। কিন্তু নাব্য সংকট, দূষণ এবং দখলের কারণে ক্রমশ নদীর সংখ্যা কমে গেছে। কমতে কমতে বাংলাদেশে নদীর সংখ্যা এখন মাত্র ২৩০টিতে ঠেকেছে। নদীমাতৃক দেশ হওয়ায় বাংলাদেশে যোগাযোগের অন্যতম প্রধান মাধ্যম বিভিন্ন ধরনের নৌযান। অন্য যোগাযোগ মাধ্যমের তুলনায় নিরাপদ এবং ব্যয়-সাশ্রয়ী হওয়ায় দেশের যাত্রী ও পণ্য পরিবহনের একটি বড় অংশ এখনো নৌপথেই হয়ে থাকে। যান চালনায় নিয়ম না মানা এবং অদক্ষ শ্রমিকদের দিয়ে লঞ্চ বা ফেরি পরিচালনা, প্রাকৃতিক দুর্যোগ, অন্য পরিবহনের সঙ্গে প্রতিযোগিতা এবং যান্ত্রিক ত্রুটি এমন নানা কারণে নৌপথে বিভিন্ন সময় বড় বড় দুর্ঘটনা ঘটতে দেখা গেছে। এর আগে ২০২০ সালে বেসরকারি সংস্থা কোস্ট বিডির গবেষণা প্রতিবেদনে বলা হয়, গত ২০ বছরে বাংলাদেশের নৌপথে ১২টি বড় ধরনের দুর্ঘটনা ঘটেছে, এতে দেড় হাজারের বেশি মানুষ মারা গেছেন।

বাংলাদেশ পরিবেশ বাঁচাও আন্দোলন ২০২২ সালে এক প্রতিবেদন দেয়, যেখানে বলা হয়েছিল গত ৫০ বছরে দেশে আড়াই হাজারের বেশি নৌ-দুর্ঘটনায় সাড়ে ২০ হাজারের বেশি মানুষের মৃত্যু হয়েছে। সংস্থাটি আরও বলছে, ৫৬৫টি নৌ দুর্ঘটনার বিপরীতে ৮৬৩টি তদন্ত কমিটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে সুপারিশ জমা দিলেও তা জনসমক্ষে প্রকাশ করা হয়নি। (বিবিসি ওয়েব পেজ : ১৭.১.২৪ রিহাব)

## বাংলাদেশে এ বছর বেশি শীত অনুভূত হওয়ার কারণ কী?

"এবারের শীতে হাড়ে পর্যন্ত কাঁপন ধরে যাচ্ছে। ঢাকাতে এমন শীত এর আগে আমি দেখছি বলে মনে পড়ে না,, বিবিসি বাংলাকে বলছিলেন ঢাকার বাড্ডা এলাকার বাসিন্দা ইকরামুল হক। মি. হক পেশায় একজন সিএনজি অটোরিক্সা চালক। ফলে রুটি-রুজির প্রয়োজনে প্রতিদিন ভোরেই তাকে ঘর ছেড়ে বের হতে হয়। "শীতের কারণে আমাদের আয়-ইনকামও কমে গেছে। এত শীতের মধ্যে মানুষ কাজ ছাড়া বের হতে চায় না,, বলছিলেন মি. হক। মি. হকের মতো অনেকের মুখেই শোনা যাচ্ছে যে, এবছর শীত বেশি পড়ছে। কেউ কেউ একে `অস্বাভাবিক,ও বলছেন। কিন্তু আবহাওয়া অধিদপ্তর বলছে, ভিন্ন কথা।

প্রতিষ্ঠানটির হিসেবে দেখা যাচ্ছে, সাম্প্রতিক বছরগুলোর মধ্যে সবচেয়ে বেশি শীত পড়েছে ২০১৮ সালে। ঐ বছরের আটই জানুয়ারি পঞ্চগড়ের তেঁতুলিয়ায় তাপমাত্রা নেমেছিল দুই দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াসে, যা বাংলাদেশের ইতিহাসে রেকর্ড। সেবছর সারাদেশে দফায় দফায় তীব্র শৈত্যপ্রবাহও দেখা গিয়েছিল। সেখানে এ বছর এখন পর্যন্ত কোনো জেলাতেই তীব্র শৈত্যপ্রবাহ দেখা যায়নি বলে জানাচ্ছে আবহাওয়া অধিদপ্তর। কিন্তু তারপরও মানুষ কেন `অস্বাভাবিক, শীতের কথা বলছে?

এই প্রশ্নের জবাবে আবহাওয়াবিদরা বলছেন, খাতা-কলমে তাপমাত্রা খুব একটা না কমলেও বেশ কিছু কারণে এবার শীত বেশি অনুভূত হচ্ছে।

পুরো জানুয়ারি মাসজুড়েই শীতের এমন অনুভূতি থাকতে পারে বলেও জানিয়েছেন তারা। যেসব কারণে বাংলাদেশে এ বছর শীত বেশি অনুভূত হচ্ছে, সেগুলোর একটি হচ্ছে দীর্ঘ সময় ধরে কুয়াশা পড়া। অন্যান্য বছরের তুলনায় এবার দীর্ঘ সময় ধরে ঘন কুয়াশা পড়তে দেখা যাচ্ছে। কোথাও কোথাও ১৮ থেকে ২০ ঘণ্টা পর্যন্ত কুয়াশা থাকছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। "এবার কুয়াশা তৈরির প্রবণতা একটু বেশি দেখা যাচ্ছে„ বিবিসি বাংলাকে জানান আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক। আর এই দীর্ঘ সময়ের কুয়াশার কারণে সূর্যের কিরণকাল কমে এসেছে। অর্থাৎ সূর্য বেশিক্ষণ আলো দিতে পারছে না। "স্বাভাবিক সময়ে সূর্যের কিরণকাল ৮ থেকে ১২ ঘণ্টা হলেও এখন তা কমে দাঁড়িয়েছে তিন থেকে চার ঘণ্টায়,, বিবিসি বাংলাকে বলেন মি. মল্লিক। এতে ভূপৃষ্ঠ উত্তপ্ত হতে না পারায় দিনের ও রাতের তাপমাত্রার পার্থক্য অনেকটাই কমে গেছে। ফলে শীতও বেশি অনুভূত হচ্ছে।

"এ বছর দিনের তাপমাত্রা দুই থেকে সাত ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত কমতে দেখা গেছে। বিশেষ করে ১১ই জানুয়ারির পর থেকে এটি বেশ কমে এসেছে,, বিবিসি বাংলাকে বলছিলেন মি. মল্লিক। বস্তুতঃ কোনো অঞ্চলের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রার পার্থক্য যদি ১০ ডিগ্রি সেলসিয়াসের নিচে আসে, সেখানে শীতের অনুভূতি বাড়তে থাকে। আর পার্থক্য যদি পাঁচ ডিগ্রি সেলসিয়াসের নিচে নেমে আসে, তাহলে সেখানে শীতের অনুভূতি প্রকট থেকে প্রকটতর হয়। অর্থাৎ "হাড়কাঁপানো শীত অনুভূত হয়„ বলে বিবিসি বাংলাকে জানান আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক।

গত এক সপ্তাহে বিভিন্ন জেলার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রার তুলনা করে দেখা গেছে রংপুর, দিনাজপুর, তেতুলিয়ার মতো উত্তরবঙ্গের বেশিরভাগ অঞ্চলেই তাপমাত্রার পার্থক্য পাঁচ ডিগ্রি সেলসিয়াসের কম। এছাড়া ঢাকা, বগুড়া, ময়মনসিংহ ও সিলেট অঞ্চলে তাপমাত্রার পার্থক্য ১০ ডিগ্রি সেলসিয়াসের কম দেখা গেছে। বায়ুর মান পর্যবেক্ষণকারী সংস্থা আইকিউ এয়ারের সূচকে সম্প্রতি বেশ কয়েকবারই ঢাকাকে শীর্ষ দূষিত শহরের তালিকায় দেখা গেছে। যানবাহন, ইটভাটা ও শিল্প-কারখানার দূষিত ধোঁয়ার পাশাপাশি নির্মাণকাজের সংখ্যা বৃদ্ধিসহ নানান কারণে সারাদেশেই আগের চেয়ে বায়ু দূষণ বেড়েছে বলে বিভিন্ন গবেষণায় বলা হচ্ছে। এর মধ্যেই আবার জানুয়ারি মাসে দিল্লিসহ ভারতের বিভিন্ন রাজ্য থেকে দূষিত বায়ু প্রবেশের পরিমাণ বেড়েছে বলে জানাচ্ছে আবহাওয়া অধিদপ্তর। "দূষিত এই বাতাসে প্রচুর পরিমাণে ধূলিকণা মিশে রয়েছে, যা মেঘ ও কুয়াশা তৈরিতে নিয়ামক হিসেবে ভূমিকা রাখছে„ বিবিসি বাংলাকে বলেন মি. মল্লিক।

গত দুই সপ্তাহে রাজশাহী, রংপুর, ময়মনসিংহ, সিলেটের বেশি কিছু এলাকায় বিকেল পর্যন্ত কুয়াশা দেখা গেছে। এছাড়া কোথাও কোথাও কুয়াশা বেশি থাকায় সারাদিনে একবারও সূর্যের মুখ দেখা যায়নি বলে জানা গেছে। পশ্চিমবঙ্গ ও বাংলাদেশজুড়ে উচ্চচাপ বলয় তথা বাতাসের চাপ বেশি থাকার কারণে হিমালয়ের পাদদেশ থেকে উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার ও পশ্চিমবঙ্গ হয়ে শীতের ঠান্ডা বাতাস উত্তর ও উত্তর-পশ্চিম দিক থেকে বাংলাদেশে প্রবেশ করায় শীতের অনুভূতি তীব্র হচ্ছে বলে জানান মি. মল্লিক। যেহেতু পশ্চিমাঞ্চল অর্থাৎ পশ্চিবঙ্গজুড়ে উচ্চচাপ বলয় সক্রিয় আছে, ফলে বায়ুচাপ বাংলাদেশের দিকে প্রবেশ করছে। "বাতাসের গতিবেগ তুলনামূলকভাবে একটু বেশি থাকার

কারণে রাজশাহী, রংপুর, ময়মনসিংহ, সিলেট এবং ঢাকার পশ্চিমাঞ্চল ও খুলনার ওপরের দিকে যশোর, সাতক্ষীরা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা- এসব অঞ্চলে শীতের অনুভূতি তীব্র থেকে তীব্রতর হচ্ছে,, বলেন এই আবহাওয়াবিদ। এছাড়াও উর্ধ্ব আকাশের বাতাস খুব ঠান্ডা হওয়ায় কোনো কোনো ক্ষেত্রে `জেড স্ট্রিম, বা প্রচণ্ড গতিবেগ সম্পন্ন বাতাস কখনো নিচে নেমে আসছে, কখনো উপরে উঠে যাচ্ছে। এর ফলে শীত বেশি অনুভূত হচ্ছে বলে জানান মি. মল্লিক।

চলতি মাসের পুরোটা জুড়েই শীতের এমন অনুভূতি থাকতে পারে বলেও জানিয়েছেন তিনি। বায়ু দূষণের কারণে অন্যান্য বছরের তুলনায় এবার সারাদেশেই বেশি কুয়াশা দেখা যাচ্ছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। ধূলিকণাময় এই কুয়াশা শ্বাস-প্রশ্বাসের সাথে শরীরে ঢুকলে নানা ধরনের স্বাস্থ্য ঝুঁকি তৈরি হতে পারে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন ঢাকা মেডিকেল কলেজ ও হাসপাতালের শিক্ষক ডা. শাহনূর শরমিন। ”বাংলাদেশে এখন আমরা আগের চেয়ে বেশি ফুসফুসের সমস্যা ও এলার্জিজনিত রোগ দেখতে পাচ্ছি। কুয়াশায় মিশে থাকা ধূলিকণা এসব রোগীদের শ্বাসযন্ত্রে ঢুকলে জটিলতা আরও বাড়তে পারে„ বিবিসি বাংলাকে বলছিলেন মিজ শরমিন। এছাড়া যাদের শ্বাসকষ্ট বা এলার্জিজনিত রোগ নেই, ধূলিকণা সমৃদ্ধ কুয়াশা শরীরে ঢুকলে তারাও এসব রোগে আক্রান্ত হতে পারেন। ”সেজন্য কুয়াশার মধ্যে বাইরে বের হলে অবশ্যই মাস্ক পরে বের হতে হবে,, বিবিসি বাংলাকে বলেন ডা. শাহনূর শরমিন। পাশাপাশি শিশুদের ক্ষেত্রে একটু বাড়তি সতর্কতা অবলম্বনের পরামর্শ দিয়েছেন তিনি। ”গরম কাপড় পরানোর পাশাপাশি শিশুদেরও মাস্ক পরাতে হবে। তবে তাদেরকে কুয়াশার মধ্যে বাইরে বের না হতে দেওয়াটাই উত্তম,, বলেন মিজ শরমিন। এমনিতেই গত কয়েকদিন ধরে শীত বেশ জেঁকে বসেছে। এর মধ্যে আবার শুরু হতে পারে বৃষ্টি। আবহাওয়া অধিদপ্তর বলছে, আগামী কয়েকদিন দেশের বিভিন্ন জেলায় আকাশ আংশিক মেঘলা থাকতে পারে।

শুক্রবার নাগাদ ঢাকা, খুলনা, রাজশাহী ও বরিশাল বিভাগে অস্থায়ীভাবে দমকা হাওয়ার সাথে গুঁড়িগুঁড়ি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে বলেও জানিয়েছে প্রতিষ্ঠানটি। ফলে এই সময়ে তাপমাত্রা আরও কমে আসতে পারে বলে জানানো হয়েছে। এছাড়া রাতে সারাদেশে মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে, যা কোথাও কোথাও দুপুর পর্যন্ত অব্যাহত থাকতে পারে। তাপমাত্রা আট থেকে দশ ডিগ্রি সেলসিয়াস হলে সেটিকে মৃদু শৈত্যপ্রবাহ বলা হয়। এছাড়া ছয় থেকে আট ডিগ্রি সেলসিয়াসে নামলে মাঝারি শৈত্যপ্রবাহ এবং চার থেকে ছয় ডিগ্রি সেলসিয়াসের মধ্যে থাকলে সেটিকে তীব্র শৈত্যপ্রবাহ বলা হয়। আর তাপমাত্রা চার ডিগ্রি সেলসিয়াসের নিচে নেমে গেলে হয় অতি তীব্র শৈত্যপ্রবাহ। চুয়াডাঙ্গা, কিশোরগঞ্জ, ঈশ্বরদীসহ অল্প কয়েকটি জেলায় এবছর মৃদু শৈত্যপ্রবাহ দেখা গেলেও সেটি তীব্র আকার ধারণ করেনি। তবে জানুয়ারির শেষের দিকে সারাদেশে মৃদু বা মাঝারি ধরনের শৈত্যপ্রবাহ দেখা যেতে পারে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক। (বিবিসি ওয়েব পেজ : ১৭.১.২৪ রিহাব)

## ৫০ আসনের মধ্যে বুথ দখল ও জাল ভোট হয়েছে ৫১ শতাংশ কেন্দ্রে : টিআইবি

দ্বাদশ সংসদ নির্বাচনকে 'একপাক্ষিক' ও `পাতানো প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ, আখ্যা দিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। নির্বাচন 'অবাধ হয়নি' এবং সেটি 'বাংলাদেশে গণতন্ত্র ও গণতান্ত্রিক নির্বাচনের জন্য অশনি সংকেত' বলে সংস্থাটি বলছে। নির্বাচনের ৫০টি আসনের ওপর চালানো একটি গবেষণায় টিআইবি দেখতে পেয়েছে, সেখানে ৫১ শতাংশ কেন্দ্রে বুথ দখল, জাল ভোট প্রদান ও প্রকাশ্যে সিল মারার মতো ঘটনা ঘটেছে। সেইসাথে, এসব আসনে ৫৫ দশমিক ১ শতাংশ কেন্দ্রে ভোটারদেরকে জোর করে নির্দিষ্ট মার্কায় ভোট দিতে বাধ্য করা হয়েছে।

বুধবার ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-এর `দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রক্রিয়া ট্র্যাকিং, শীর্ষক এক গবেষণা প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। টিআইবি বলছে, 'নির্বাচন কমিশন কখনো অপারগ হয়ে, কখনো কৌশলে, একতরফা নির্বাচনের এজেন্ডা বাস্তবায়নের অন্যতম অনুঘটকের ভূমিকা পালন করেছে। আইনশৃঙ্খলা বাহিনীসহ অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান একইভাবে সহায়ক ভূমিকায় ব্যবহৃত হয়েছে বা লিপ্ত থেকেছে। সংসদ নির্বাচনের ৫০টি আসনে নির্বাচনের দিন সংঘটিত অনিয়মের তথ্যের ওপর ভিত্তি করে তৈরি এই প্রতিবেদনে আরও বলা হয়েছে, ৮৫ দশমিক ৭ শতাংশ আসনে নির্বাচনি বিধি লঙ্ঘন করা হয়েছে। এক্ষেত্রে, অনিয়ম প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনী ও প্রশাসন নিষ্ক্রিয় ভূমিকা পালন করেছে। অথচ, নির্বাচনি বাজেটের অর্ধেকেরও বেশি পরিমাণ (৫৪ শতাংশ) অর্থ ব্যয় করা হয়েছে আইন-শৃঙ্খলা বাহিনীর জন্য। এই খাতে এত বিপুল পরিমাণ অর্থ বরাদ্দের সুনির্দিষ্ট কোনও ব্যাখ্যা পাওয়া যায়নি।

টিআইবি বলেছে, অংশগ্রহণমূলক ও অবাধ নির্বাচন না হওয়ার প্রধান কারণ হলো, নির্বাচিনকালীন সরকার ইস্যুতে দুই বড় দলের বিপরীতমুখী ও অনড় অবস্থান। এ বিপরীতমুখী ও অনড় অবস্থানকেন্দ্রিক এজেন্ডা বাস্তবায়নের লড়াইয়ে বাংলাদেশের গণতান্ত্রিক ভবিষ্যতের জিম্মিদশা প্রকটতর হয়েছে। যেসব আসনে স্বতন্ত্রপ্রার্থী ছিলো, সেইসব আসন সম্পর্কে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেছেন, ”৬২ আসনে স্বতন্ত্রপ্রার্থীর সার্বিক চিত্র হলো- একটা পাতানো প্রতিযোগিতামূলক, অনেকক্ষেত্রে সহিংস এবং সংঘাতময় নির্বাচন হয়েছে। সার্বিকভাবে এসব আসনে প্রতিযোগিতা হয়েছে, তবে সেটা অসুস্থ প্রতিযোগিতা। তবে এই অসুস্থ প্রতিযোগিতার একটি মাত্র ইতিবাচক দিক হচ্ছে,

তারা পরস্পরের প্রতি বিষেদগার এবং পাল্টা অভিযোগ করায় দুর্নীতি, অনিয়ম, অবৈধতা ইত্যাদি বিষয়গুলো যথার্থতা পেয়েছে। অর্থাৎ, তারা নিজেরাই নিজেদের সম্পর্কে অভিযোগ করেছেন।„

এই নির্বাচনে নির্বাচন কমিশনের দায়িত্বে যথেষ্ট ঘাটতি ছিলো বলেও ড. ইফতেখারুজ্জামান উল্লেখ করেন। তিনি বলেন, ”যাদেরকে সরকার দলের বাইরের প্রার্থী হিসেবে তুলে ধরার চেষ্টা করা হয়েছে, তারা হয় সরকার দলের সদস্য, অথবা সরকারের সমর্থনপুষ্ট রাজনৈতিক দলের সদস্য।„ শেষের এক ঘণ্টায় বেশি ভোট পড়া নিয়ে বিতর্কের বিষয়ে ড. ইফতেখারুজ্জামান বলেন, ”নির্বাচন কমিশন যে ব্যাখ্যা দিচ্ছে, সেটা কতটুকু গ্রহণযোগ্য, তার কোনও দালিলিক প্রমাণ নেই। পক্ষে-বিপক্ষে বলার কোনও সুযোগ নেই। এটি বিতর্কিত আছে এখনও এবং আমার ধারণা, এটি বিতর্কিতই থেকে যাবে। তবে এটা উল্লেখযোগ্য যে এই হারটাকে যদি যথার্থ অনুমান করে নিই, যদি এটাই সঠিক ধারণা করা হয়, তাহলেও ৬০ শতাংশ মানুষ ভোট দান থেকে বিরত থেকেছে।„ টিআইবি বলেছে, এই নির্বাচনের মাধ্যমে রাজনৈতিক অঙ্গন ও শাসন ব্যবস্থার ওপর ক্ষমতাসীন দলের একচ্ছত্র নিয়ন্ত্রণ চূড়ান্ত প্রাতিষ্ঠানিকতা পেয়েছে এবং নিরঙ্কুশ ক্ষমতার জবাবদিহিতাহীন প্রয়োগের পথ আরুম প্রসারিত হয়েছে। সংস্থাটি বলেছে, ক্ষমতায় অব্যাহত থাকার কৌশল বাস্তবায়নের একতরফা নির্বাচন সাফল্যের সাথে সম্পন্ন হয়েছে, যার আইনগত বৈধতা নিয়ে কোনো চ্যালেঞ্জ হয়তো হবে না বা হলেও টিকবে না। তবে এ সাফল্য রাজনৈতিক শুদ্ধাচার, গণতান্ত্রিক ও নৈতিকতার মানদন্ডে চিরকাল প্রশ্নবিদ্ধ থাকবে।

টিআইবি তাদের প্রতিবেদনে বলেছে, সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি নিয়ন্ত্রণের নির্বাচনী অঙ্গীকার আরও বেশি অবাস্তব ও কাগুজে দলিলে পরিণত হওয়ার সম্ভাবনা তৈরী হয়েছে। সংসদে ব্যবসায়ী আধিপত্যের মাত্রাও একচেটিয়া পর্যায়ে উন্নীত হয়েছে, যা রাষ্ট্রীয় কর্মকাণ্ডে ব্যাপকতর স্বার্থের দ্বন্দ্ব ও নীতি-দখলের ঝুঁকি বৃদ্ধি করেছে।

(বিবিসি ওয়েব পেজ : ১৭.১.২৪ রিহাব)

## 'গত বছরে ব্যবসা ভালো গেছে মাত্র ৬ শতাংশের'

বাংলাদেশে ব্যবসার আকার ভেদে প্রতিবন্ধকতার ধরনে পার্থক্য লক্ষণীয়। বড় ব্যবসায়ীরা যেখানে মুদ্রা বাজার, আমদানি, রপ্তানির জটিলতায় বেশি সমস্যায় পড়েন। সেখানে, লাইসেন্স, গ্যাস-বিদ্যুতের সংযোগ পাওয়ার মতো ছোট বিষয়েই নাজেহাল হতে হয় ক্ষুদ্র ব্যবসায়ীদের। মাত্র ৬ শতাংশ ব্যবসায়ী বলেছেন আগের অর্থ বছরের তুলনায় উল্লেখ্যযোগ্য হারে উৎপাদন বেড়েছে তাদের। আর দুর্নীতি সবার জন্যই এক বড় প্রতিবন্ধকতার নাম। নতুন ও ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য বাংলাদেশে ব্যবসা করা কতটা চ্যালেঞ্জের? এর একটা ধারণা পাওয়া গেলো সেন্টার ফর পলিসি ডায়ালগ-সিপিডি,র একটি গবেষণায়।

গবেষণায় দেখা যায়, ছোট ব্যবসায়িক উদ্যোগগুলোকে সরকারি প্রশাসনের অদক্ষতার কারণে সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়তে হয়। শতকরা ৮৫ ভাগ ক্ষুদ্র উদ্যোক্তা একে প্রধান সমস্যা হিসেবে চিহ্নিত করেছেন। অর্থায়নের ক্ষেত্রেও স্টার্ট আপ প্রতিষ্ঠানগুলো ব্যাপক প্রতিবন্ধকতার মুখে পড়ে। ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য আর্থিক খাত বরাবরই অনুদার। মূলত বাংলাদেশে ব্যবসার পরিবেশ কেমন, তা জানতে সিপিডি ও ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরামের যৌথ উদ্যোগ একটি উদ্যোক্তা জরিপ করা হয়। ঢাকা, গাজীপুর ও সাভারের ৭১টি ব্যবসায়িক প্রতিষ্ঠান এতে অংশ নেয়। ২০২২ সালের জুলাই মাস থেকে ২০২৩ সময়কালের ওপরে গবেষণাটি করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে ব্যবসায় পরিবেশ মিশ্র ছিলো। কোনও ক্ষেত্রে ইতিবাচক, কোনও ক্ষেত্রে স্থবির কিংবা চ্যালেঞ্জের মুখে পড়তে হয়েছে। গবেষণার ফলাফল প্রকাশ উপলক্ষে সংবাদ সম্মেলনে সিপিডি,র গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম এই মন্তব্য করেন। জরিপে ৩০ শতাংশ ব্যবসায়ী জানিয়েছেন ব্যবসা ভালো চলছে না তাদের। উৎপাদন ও বিপণন কমেছে। ১৩ শতাংশের ক্ষেত্রে আগের বছরের সঙ্গে তুলনা করলে, অপরিবর্তিত ছিলো ব্যবসা। অর্থাৎ, সামগ্রিক হিসাবে ৪০ শতাংশের বেশিই ভালো করেনি।

সিপিডি বলেছে, ক্ষুদ্র, মাঝারি উদ্যোক্তাদের মধ্যে প্রায় ৩৮ শতাংশের উৎপাদন কমেছে ২০২২-২৩ অর্থ বছরে। মাঝারি ও বড় প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই হার যথাক্রমে ২৫ ও ২২ শতাংশ। ভৌত অবকাঠামোর উন্নতি হলেও ডিজিটাল ইনফ্রাস্ট্রাকচার নিয়ে অসন্তোষ ফুটে ওঠে জরিপে। মাত্র ৬ শতাংশ ব্যবসায়ী বলেছেন আগের অর্থ বছরের তুলনায় উল্লেখ্যযোগ্য হারে উৎপাদন বেড়েছে তাদের। বর্তমান বাস্তবতায় যেকোন ব্যবসায়ী দীর্ঘমেয়াদী বিনিয়োগের ক্ষেত্রে আরও সহায়ক পরিবেশের জন্য অপেক্ষা করবেন বলে মত সিপিডির গবেষণা পরিচালকের।

ফলাফলে দেখা যাচ্ছে, এশিয়া অঞ্চলে প্রতিযোগী দেশ ভারত, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড ভিয়েতনামের চেয়ে উদ্ভাবনী, অন্তর্ভূক্তিমূলক ও সহনশীল ব্যবসায়িক পরিবেশের বিচারে পিছিয়ে বাংলাদেশ। অবশ্য, টেকসই ব্যবসায়িক পরিবেশ বিবেচনায় ইন্দোনেশিয়া এবং থাইল্যান্ডের চেয়ে এগিয়েছে দেশটি। দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে অর্থাৎ ভারত নেপাল, পাকিস্তান এবং শ্রীলংকার সঙ্গে তুলনায় বাংলাদেশের স্কোর সর্বনিম্ন। সিপিডি,র গবেষণা পরিচালক গোলাম মোয়াজ্জেম বলেন, `প্রবৃদ্ধিতে ফিরে আসার ক্ষেত্রে আমাদের পারফরম্যান্স যে যথেষ্ট ভালো, এটি বলা যাবে না। দক্ষিণ এশিয়ার বিচারে এটি আমরা দেখতে পাচ্ছি। নেপালের কথা খুব বেশি আলোচনায় নিই না। কিন্তু, অন্তর্ভূক্তিমূলক

উন্নয়নের জায়গায়, জেন্ডার ইকুয়ালিটি, সোশ্যাল ইনক্লুশন, স্কুল লেভেল এডুকেশন ফর দ্য ডিজেবল-ভালনারেবল পিপল এসব ক্ষেত্রে তাদের কাজ প্রশংসনীয়। সেটা তাদের এগিয়ে দিচ্ছে।,

আমাদের ভিশন ২০৪১ বা ডেল্টা প্ল্যান অনুযায়ী বাস্তবায়ন চোখে পড়ছে না। যে কারণে, পিছিয়ে যাচ্ছি।, বলছিলেন মি. মোয়াজ্জেম। বিগত বছরগুলোর মতো এবারও দুর্নীতিকে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে উল্লেখ করেছেন ব্যবসায়ীরা। দুই তৃতীয়াংশই দুর্নীতিকে এক নম্বর সমস্যা মনে করেন। প্রাতিষ্ঠানিক অদক্ষতাকে রেখেছেন এর পরপরই। ৫৫ শতাংশ ব্যবসায়ী এর কথা বলেছেন। বৈদেশিক মুদ্রার ক্ষেত্রে অস্থিতিশীল পরিস্থিতি অনেকের কপালেই চিন্তার ভাঁজ ফেলেছে নতুন করে। তৃতীয় বাধাদানকারী ফ্যাক্টর হিসেবে উঠে এসেছে এটি। উপস্থাপনা করার সময় সিপিডি,র গবেষণা পরিচালক গোলাম মোয়াজ্জেম বলেন, ''পাঁচ বছর আগেও এই ইন্ডিকেটরটি সবচেয়ে পিছনে ছিলো। অথচ, এখন তিন নম্বর গুরুত্বপূর্ণ সূচক হিসেবে ব্যবসায়ীদের সামনে এসেছে। এগুলো তাদের নতুন ধরনের দুশ্চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে।''

তবে, অবকাঠামো আগে কখনও কখনও এক নম্বর সমস্যা হিসেবে বিবেচিত হয়েছে। এবার সেখানে কিছুটা ইতিবাচক পরিবর্তন দেখা যাচ্ছে। সমস্যার তালিকায় চার নম্বরে নেমেছে অবকাঠামো। এরপরে রয়েছে মূল্যস্ফীতি। ষষ্ঠ অবস্থানে অর্থায়নের সহজলভ্যতা। গবেষণায় কোনও কোনও প্রতিবন্ধকতা ক্রমহ্রাসমান বলে প্রতীয়মান হয়েছে বলে জানাচ্ছেন গোলাম মোয়াজ্জেম। অবকাঠামো ছাড়াও নীতিগত পর্যায়ে অস্থিরতা, অর্থায়ন, কর আইনের জটিলতা, জনস্বাস্থ্যের ঝুঁকি ইত্যাদি সূচকে ইতিবাচক পরিবর্তনের কথা বলছেন তিনি। এই জায়গাগুলোতে সরকারের সাম্প্রতিক উদ্যোগের প্রভাব পড়েছে বলে ধারণা তার। মি. মোয়াজ্জেম আরও বলেন, গত ৬ বছরে প্রাতিষ্ঠানিক উন্নতির জায়গায় বড় পরিবর্তন নেই। তবে, সরকারের দীর্ঘমেয়াদী রাজনৈতিক ভিশনকে ব্যবসায়ীরা অ্যাপ্রিশিয়েট করে থাকেন।

`মানুষের মনের মধ্যে সরকার ২০৪১ সালের উন্নত দেশের স্বপ্ন ঢুকিয়ে দিতে পেরেছে। কিন্তু আর কোথাও উন্নতি নেই,। ব্যবসায়ীরা আগামী দুই বছরের জন্য ঝুঁকির তালিকায় সবার ওপরে রেখেছেন জ্বালানি সংকটকে। ৬৬ শতাংশই এটিকে প্রধান ঝুঁকি মনে করছেন। মূল্যস্ফীতির কথা বলেছেন ৫০ শতাংশ। তালিকায় এর অবস্থান দ্বিতীয়। এরপরই, অর্থনৈতিক মন্দা বা সংকোচনের শংকাও রয়েছে অনেকের মধ্যে। সম্পদ ও আয় বৈষম্যের কী প্রভাব ব্যবসার ওপর পড়বে তা ভাবাচ্ছে উদ্যোক্তাদের। পঞ্চম ও ষষ্ঠ অবস্থানে যথাক্রমে বেকারত্ব ও মাথাপিছু ঋণকে আগামীর ঝুঁকি হিসেবে দেখা হচ্ছে।

ব্যবসার পরিবেশকে আরও উন্নত করতে সরকারের জন্য ১০টি সুপারিশ তুলে ধরা হয় সিপিডি'র পক্ষ থেকে:

১. সরকারি প্রতিষ্ঠানগুলোর ১০০ দিন, এক বছর, পাঁচ বছর এমন স্বল্প ও দীর্ঘমেয়াদি অ্যাকশন প্ল্যান করা উচিত।

২. কর্মসূচিগুলো সুনির্দিষ্ট হওয়া উচিত। যাতে নির্দিষ্ট সময়ে কার্যকর ফলাফল পাওয়া যায়। এগুলোর ক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।

৩. দেশে ব্যাপকভিত্তিক দুর্নীতির পরিস্থিতিতে একটি স্বাধীন ন্যায়পাল প্রতিষ্ঠা করা জরুরি।

৪. উপরোক্ত ধারণার আলোকে পাবলিক অফিসগুলোতে খাতভিত্তিক ন্যায়পাল হতে পারে।

৫. আর্থিক লেনদেনে অনিয়ম এমনকি টাকা পাচার হলেও অনেকক্ষেত্রে জানা যায় না। ইন্টিগ্রেটেড ফাইন্যান্সিয়াল সিস্টেম বা সমন্বিত আর্থিক ব্যবস্থাপনা চালু করা দরকার।

৬. ই-প্রকিউরমেন্ট যে প্রক্রিয়ায় হয়, তাতে স্বচ্ছতা থাকে না। একেকটা গোষ্ঠী একেকটা খাত দখল করে রাখে। তাই, পাবলিক প্রকিউরমেন্ট বা সরকারি ক্রয়ে আমূল সংস্কার দরকার।

৭. যেকোনো প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সুবিধাভোগী জনগণের প্রতিনিধিকে পুরো প্রক্রিয়ায় সম্পৃক্ত করা।

৮. সীমিত সময়ের জন্য হলেও ব্যাংকিং সেক্টরসহ বিভিন্ন খাতের সমস্যা সমাধানে কমিশন গঠন করা দরকার।

৯. প্রতিযোগিতা কমিশন, ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের মতো প্রতিষ্ঠান বা সংস্থাগুলোকে শক্তিশালী করা প্রয়োজন।

১০. আইন ও বিধি-বিধানের ক্ষেত্রে সংস্কার আনতে হবে। প্রতিযোগিতা পরিবেশের পরিপন্থী আইন বাতিল করা উচিত। (বিবিসি ওয়েব পেজ : ১৭.১.২৪ রিহাব)

## তৃতীয় লিঙ্গ পরিচয় প্রকাশ করে আলোচনায় বাংলাদেশি কুটনীতিক

ইরানে বাংলাদেশি দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি ওয়ালিদ ইসলামের একটি ফেসবুক পোস্ট ছড়িয়ে পড়েছে সামাজিক যোগাযোগ মাধ্যমে। যেখানে তিনি দাবি করেছেন, সমাজে টিকে থাকার জন্যই দীর্ঘ তিন দশকেরও বেশি সময় ধরে লুকিয়ে রেখেছিলেন নিজের তৃতীয় লিঙ্গের পরিচয়। বিয়ে করতে অস্ত্রোপচার করে হতে চেয়েছিলেন নারী। সফল হয় নি সেই অপারেশন। সেখান থেকে বাঁধে ক্যান্সার। ভেঙ্গে যায় বিয়ে। বিবিসি বাংলাকে বাংলাকে ঐ কূটনীতিক বলেন, ''নিজেকে পরিবর্তন করতে গিয়ে এখন সব পরিচয় আমি হারিয়ে ফেলেছি''।

ফেসবুকের আলোচিত ঐ পোস্ট নিয়ে মধ্যপ্রাচ্যে থাকা এই কূটনীতিকের সাথে কথা বলে বিবিসি বাংলা। বিবিসির কাছে তিনি দাবি করেন, যারা তার এই পরিচয় জানতেন, ব্লাকমেইল করেছেন, হয়েছেন যৌন নিপীড়নেরও শিকার। পরিচয়

প্রকাশ করে ফেসবুক পোস্টে তিনি কূটনীতিক চাকরির ভবিষ্যৎ নিয়ে শঙ্কা প্রকাশ করেন। এ নিয়ে বিবিসি বাংলা কথা বলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে। পররাষ্ট্র মন্ত্রণালয় বিবিসি বাংলাকে বলছে, `আগে কখনো এমন কোন ঘটনার সম্মুখীন হয় নি মন্ত্রণালয়। বিষয়টি অনেক সেনসিটিভ। যেহেতু এটা আলোচনায় এসেছে, পররাষ্ট্র মন্ত্রণালয় পুরো ঘটনাটি খতিয়ে দেখবে, ।ইরানের রাজধানী তেহরান থেকে বন্দর আব্বাসের দূরত্ব প্রায় ১ হাজার তিনশো কিলোমিটার। মানব পাচারের রুট হিসেবে পরিচিত এই বন্দর আব্বাস। বাংলাদেশের মানব পাচারের একটি সিন্ডিকেট এই রুটটি ব্যবহার করতো। বছর চারেক আগে তেহরান দূতাবাসে যোগদানের পর বন্দর আব্বাস রুটের মানব পাচার রোধের দায়িত্ব বর্তায় তার ওপর। সিন্ডিকেট ভাঙতে বন্দর আব্বাসে ওয়ালিদ অভিযান চালান নিয়মিত। সফলও হন। ''এরপরই আমার বিরুদ্ধে সাত-আটটি বেনামি চিঠি পাঠানো শুরু হলো রাষ্ট্রদূতের কাছে। আমার বিরুদ্ধে অভিযোগ করা হয়, আমি নাকি প্রভাবশালী ঐ চক্রের কাছে সুন্দরী নারী চাই, না দিলে তাদের বিরুদ্ধে একশন নেই''। ''মোটামুটিভাবে আমার একটা লম্পট চরিত্র দাড় করানোর চেষ্টা করা হয় ওইসব বেনামি চিঠিতে। মাফিয়া চক্রের এইসব চিঠির জবাব দেওয়ার মতো কোন উত্তর আমার কাছে ছিলো না। তখন থেকেই নিজের পরিচয় প্রকাশের ইচ্ছে হয়। প্রথমত সে কারণে নিজের পরিচয় উম্মুক্তের ইচ্ছে হয়েছিলো আমার'', বিবিসিকে জানাচ্ছিলেন ওয়ালিদ ইসলাম। তিনি বলেন, ''আমার আচরণ একটু ভিন্ন বলে আমাকে নিয়ে না ধরনের কানাঘুষা চলতো। আমি কোন ছেলের সাথে মিশলে তারা ভাবতো আমি মনে হয় যাদের সাথে মিশি তাদের সাথেই যৌন সম্পর্কে জড়াই। পেছনে মানুষ নানা কথা বলতো''। ''কেউ কেউ আবার বাঁকা চোখে দেখতো। এমন অবস্থায় আইডেন্টিটি রিভিল করা আমার জন্য খুব বেশি দরকার ছিলো। এর আর কোন বিকল্প আমার কাছে ছিলো না''।

ওয়ালিদ বিবিসি বাংলাকে বলেন, ''অনেকে আমার বিয়ে নিয়ে নানা প্রশ্ন করতো। মানুষ খুব সন্দেহ করতো আমি মনে হয় নপুংসক। এগুলো নিয়ে সমাজে বা আশপাশের লোকজনের নানা কৌতূহল আর প্রশ্নও ছিলো''। ওয়ালিদ জানাচ্ছিলেন, ''সমাজকে আমি বোঝাতে চেয়েছি তোমরা যেটা চিন্তা করছো আমি সেটা না। যে কারণে দীর্ঘ এত বছর পর হলেও নিজের পরিচয় প্রকাশ করেছি''। ওয়ালিদ ইসলামের গ্রামের বাড়ি গোপালগঞ্জে। কিন্তু বাবার কাজের সুবাদে তার বেড়ে ওঠা যশোরে। সেখানেই প্রাথমিক ও মাধ্যমিকের পাঠ শেষ করেন। বিবিসি বাংলাকে ওয়ালিদ বলছিলেন, ''একটু ভিন্ন আচরণের কারণে স্কুল থেকেই আমাকে অনেকে নানা ধরনের নির্যাতন করতো। কেউ পেটাতো, আজে বাজে কথা বলতো, বই খাতা ছিঁড়ে ফেলতো। আমাকে এমন একটা বিষয় ভাবা হতো, যেন এই সমাজে আমার কোন অধিকার নেই''। ''তবে আমার কিছু বন্ধু ছিলো, যারা আমাকে এতটা সাপোর্ট দিয়েছে যে আমি টিকে গেছি''। ক্লাস সেভেনে তার ওপর ঘটে যাওয়া একটি ভয়াবহ যৌন নিপীড়নের অভিযোগের কথা বিবিসিকে জানান ওয়ালিদ। অভিযোগে জানান, ''আমার এলাকার একজনের দ্বারা আমি ধর্ষিত হই। তারপর আমার চটপটে জীবন হঠাৎ করে যেন থেমে যায়। ট্রমাটাইজড হয়ে যাই। আমার রেজাল্ট খারাপ হওয়া শুরু হয়''। একটু একটু স্বাভাবিক হওয়া শুরু হয় বিশ্ববিদ্যালয় জীবনে। ওয়ালিদ বলছিলেন, ''পরিচয় ঢাকার জন্য সব সময় আমার পোশাকের দিকে বিশেষ নজর রাখতে হয়েছে''।

স্কুল-কলেজের শিক্ষা জীবন শেষে তিনি ভর্তি হন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগে। সেখানেই একটি ঘটনার কথা উল্লেখ করে জীবনের বেশ কিছু পরিবর্তনের কথা জানাচ্ছিলেন তৃতীয় লিঙ্গের এই কুটনীতিক। ছোটবেলা থেকে এক সহপাঠী ওয়ালিদের লিঙ্গীয় পরিচয় সম্পর্কে জানতেন। বিশ্ববিদ্যালয়ের চতুর্থ বর্ষে যখন, তখন সেই ছেলে তাকে প্রায়ই ব্লাকমেইল করতেন। ''একদিন ক্যাম্পাসে (জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে) ঐ ছেলে আমাকে ব্লাকমেইল করে। বাঁধা দেয়ায় সে আমার গায়ে হাত তোলে, মারতে শুরু করে। আমাকে মারতে দেখে ক্যাম্পাসের একটি জুনিয়র ছেলে আমাকে বাঁচায়''। এরপর থেকে ঐ জুনিয়র ছেলের সাথে তার সুসম্পর্ক গড়ে ওঠে। সেটি প্রেমের সম্পর্কে গড়ায়। ওয়ালিদ ইসলাম বিবিসিকে বলেন,''ওর সাথে সম্পর্ক থাকা অবস্থায় আমার বিসিএস চাকরি হয় ফরেন ক্যাডারে। কয়েকটি দেশে চাকরির পর আমি যোগ দেই তেহরানের বাংলাদেশ দূতাবাসে''। আট বছর প্রেমের সম্পর্কের পর তারা দু,জন বিয়ের পরিকল্পনা করেন। বিয়ের আগে ওয়ালিদ অপারেশন করে `ট্রান্স জেন্ডারে' রূপান্তরের সিদ্ধান্তে নেন। ওয়ালিদ বিবিসি বাংলাকে বলেন, ''এটাকে কলেস্টমি বলে। অপারেশন ভুল হওয়ায় ফিস্টুলা আক্রান্ত হলাম। তারপর ধরা পড়ে ক্লোন ক্যান্সার''। ''আমাদের বিয়ের তারিখ ছিলো ২০২৩ সালের ৩১ জানুয়ারি। কিন্তু আমার ক্যান্সার আক্রান্ত হওয়ার বিষয়টি আমার প্রেমিক ও তার পরিবার জানার পর বিয়ে ভেঙ্গে যায়। আমার কাছে পরামর্শ নিয়েই সেই ছেলে বিয়ে করেছিলো ২০২২ এর নভেম্বরের ১১ তারিখ''। ''আল্লাহ চান নি বলে হয়তো বিয়েও করতে পারিনি, নিজের অপারেশনটাও ঠিকমতো হয় নি। আমি আসলে এলজিবিটিকিউ বা তৃতীয় লিঙ্গের কোন কিছুর মধ্যেই নিজেকে ইনক্লুড করতে পারছি না'', বিবিসিকে বলছিলেন ওয়ালিদ ইসলাম। একদম ছোটবেলায় ওয়ালিদের বাবা মারা যান। মা আমিনা বেগম ছোটবেলা থেকেই আগলে রেখেছেন সন্তানকে। আট সন্তানের মধ্যে ওয়ালিদ ছিলেন সবার ছোট। ওয়ালিদ বলেন, ''আমার মা কিংবা পরিবার মুখ ফুটে কোনদিন একটা বাজে কথাও বলেন নি। আমার পরিবার বিশ্বাস করতে চাইতো না আমি থার্ড জেন্ডার বা হিজড়া। তবে এ কথা শুনেছি সব সমাজের মানুষের কাছ থেকে''।

''এসব ক্ষেত্রে অনেকে হিজড়া পল্লী থেকে নিতে আসে। অনেক বাবা মা সন্তানকে দিতে চায় না। আবার অনেক পরিবার দিয়ে দেয়। অনেকের কাছে সন্তানের চেয়ে সমাজের সম্মান বড়। যেটি আমার পরিবার কোনদিন বুঝতেও দেয়নি,, বলছিলেন ওয়ালিদ।

তিনি বিবিসিকে বলেন, `আজ যদি আমার মা, আমার ভাই, আমার পরিবার আমাকে আগলে না রাখতেন তাহলে হয়তো হিজড়া পল্লীতে থাকতে হতো আমার। ওরা যেভাবে সমাজে বেঁচে থাকতো, আমার ভাগ্যেও তাই হতো,। শিক্ষা জীবনে পর পেশাগত জীবনে এসেও পরিচিতদের কাছ থেকে নানা মন্তব্যে মন খারাপ হতো ওয়ালিদের। গত ১০ই জানুয়ারি নিজের পরিচয় প্রকাশ করে একটি স্ট্যাটাস দেন তিনি। নিজের পরিচয় উন্মুক্ত করে স্ট্যাটাসে ওয়ালিদ লিখেন ''তৃতীয় লিঙ্গের সবাই মানুষ। নিজের সাথে যুদ্ধ করতে করতে আমি ক্লান্ত''। যেখানে নিজেকে বাংলাদেশের প্রথম তৃতীয় লিঙ্গের ক্যাডার এবং বিশ্বের প্রথম তৃতীয় লিঙ্গের কূটনীতিক দাবি করেন। ওয়ালিদ লিখেন ''নিজের সাথে লুকোচুরি করতে করতে আমি ক্লান্ত। এই ভদ্র মানুষের সমাজ আমার জন্য নয়। এই পোস্টটা পড়ে হয়তো সরকারের নির্দিষ্ট কিছু লোক বা সরকার আমার বিরুদ্ধে ব্যবস্থা নেবে, হয়তো চাকরিটাই আর থাকবেনা''।

এই স্ট্যাটাসটি দ্রুত ছড়িয়ে পড়ায় তৈরি হয় নানা আলোচনা। সেখানে অনেকের বিভিন্ন ধরনের মন্তব্য করতে দেখা যায়। অনেকেই আবার ওয়ালিদের সাহসিকতার প্রশংসাও করেন। ফেসবুক স্ট্যাটাসে চাকরি নিয়ে একটা শঙ্কার কথা বললেও, বিবিসি বাংলাকে ওয়ালিদ ইসলাম বলেন, তার এই জেন্ডারের বিষয়টি আগে থেকেই জানতেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতনদের কয়েকজন। তবে, এর কোন প্রভাব তার চাকরি জীবনে পড়েনি। বরং অনেকেই পাশে থেকে সহযোগিতাই করেছেন তাকে। স্ট্যাটাসে পরিচয় প্রকাশের পর কোন সংকট হয়নি বলেও জানান তিনি।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বশীল এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বিবিসি বাংলাকে বলেন, ''আমি তার ওই পোস্টটা দেখেছি। আমি মনে করি, মানুষের বিভিন্ন ধরনের গুণ আছে বা থাকতে পারে''। তিনি বলেন, আগে কখনো এমন কোন ঘটনার সম্মুখীন হয় নি মন্ত্রণালয়। বিষয়টি অনেক সেনসিটিভ। যেহেতু এটা আলোচনায় এসেছে পররাষ্ট্র মন্ত্রণালয় পুরো ঘটনাটি খতিয়ে দেখবে,।

শিক্ষাগত সনদসহ সব জায়গায় ওয়ালিদের পরিচয় পুরুষ হিসেবে। ৩৫ তম বিসিএস এ পররাষ্ট্র মন্ত্রণালয়ে ঢোকেন ওয়ালিদ। কোন প্রশিক্ষণ ছিলো না, তবুও নিজেই গান লিখেন, গান। ছবি আঁকেন, নিজ হাতে বানান অনেক কিছুই। শিল্প ও সংস্কৃতি চর্চায় নিজেকে যেভাবে মেলে ধরেছেন, ভবিষ্যতে তা ধরে রাখতে চান। বিবিসি বাংলাকে আশাবাদ জানিয়ে ওয়ালিদ ইসলাম বলেন, পরিচয় নিয়ে যে সংকট ছিলো, তা কেটে যাবে একদিন। এই সমাজে একদিন ঘুরে দাঁড়াবেন তিনি। কাজ করবে সংকটে থাকা তৃতীয় লিঙ্গের মানুষদের জন্য। (বিবিসি ওয়েব পেজ : ১৭.১.২৪ রিহাব)

## ডলারের দাম নির্ধারণে 'ক্রলিং পেগ' : নতুন মুদ্রানীতি ঘোষণা বাংলাদেশ ব্যাংকের

বাংলাদেশের বর্তমান উচ্চ মূল্যস্ফীতির হারে লাগাম টানার লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয়ার্ধের জন্য সংকোচনমূলক মুদ্রানীতি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। নতুন মুদ্রানীতিতে নীতি সুদহার আরও এক দফা বাড়িয়ে ৮ শতাংশ করা হয়েছে। এর আগে, সর্বশেষ গত বছরের নভেম্বরে নীতি সুদহার ৫০ বেসিস পয়েন্ট বাড়িয়ে সাত দশমিক ৭৫ শতাংশ করা হয়েছিল। সেই সঙ্গে ডলারের বিনিময় মূল্য নিয়ন্ত্রণে রাখতে ক্রলিং পেগ নামে নতুন একটি পদ্ধতি ব্যবহারের চিন্তা করা হচ্ছে বলে বাংলাদেশ ব্যাংক জানিয়েছে। `ক্রলিং পেগ,হচ্ছে দেশিয় মুদ্রার সঙ্গে বৈদেশিক মুদ্রার বিনিময় হার সমন্বয়ের একটি পদ্ধতি। এই পদ্ধতিতে একটি মুদ্রার বিনিময় হারকে একটি নির্দিষ্ট সীমার মধ্যে ওঠানামা করার অনুমতি দেওয়া হয়। এক্ষেত্রে মুদ্রার দরের একটি সর্বোচ্চ এবং সর্বনিম্ন সীমা নির্ধারণ করা থাকে। ফলে একবারেই খুব বেশি বাড়তে পারবে না, আবার কমতেও পারবে না।

বুধবার বিকেলে বাংলাদেশ ব্যাংকের সম্মেলনকক্ষে জানুয়ারি-জুন মাস পর্যন্ত ছয় মাসের মুদ্রানীতি ঘোষণা করেন বাংলাদেশ ব্যাংকের প্রধান অর্থনীতিবিদ হাবিবুর রহমান। ক্ষমতাসীন আওয়ামী লীগ নতুন দফায় সরকার গঠনের পর প্রথম একটি মুদ্রানীতি ঘোষণা করা হলো। ঘোষণাটি এমন এক সময়ে আসলো যখন মূল্যস্ফীতি ও রিজার্ভ সংকটের কারণে বাংলাদেশের অর্থনীতি বেশ চাপের মুখে রয়েছে। দ্বাদশ সংসদ নির্বাচনের আগে আওয়ামী লীগ তাদের নির্বাচনী ইশতেহারে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের প্রতিশ্রুতি দিয়েছিল। তাদের সেই প্রতিশ্রুতি পূরণের অংশ হিসেবেই নতুন মুদ্রানীতিতে মূল্যস্ফীতি কমানোর প্রতি বেশি গুরুত্ব দেওয়া হয়েছে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়েছে। এর আগে জুন মাসে ঘোষিত মুদ্রানীতিতে সুদহারের সীমা তুলে দেয়া হয়েছিল।বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার এ সময় জানান, মূল্যস্ফীতি ছয় শতাংশের মধ্যে ধরে রাখার লক্ষ্য নিয়েই ২০২৩-২৪ অর্থবছরের জানুয়ারি-জুন দ্বিতীয়ার্ধের মুদ্রানীতি তৈরি করা হয়েছে। নতুন এই মুদ্রানীতির মাধ্যমে আগামী জুন মাসের মধ্যে মূল্যস্ফীতির হার সাত দশমিক পাঁচ শতাংশে এবং বছর শেষে ছয় শতাংশে নামিয়ে আনা সম্ভব হবে বলে আশা করছেন তিনি।

এর আগে, ২০২৩-২৪ অর্থবছরের প্রথমার্ধের মুদ্রানীতিতে আগামী জুনের মধ্যে মূল্যস্ফীতি ছয় শতাংশে নামিয়ে আনার লক্ষ্য নির্ধারণ করেছিল কেন্দ্রীয় ব্যাংক। কিন্তু এখন দেখা যাচ্ছে সেই লক্ষ্যমাত্রা পূরণ সম্ভব হচ্ছে না। এ বিষয়ে

সাংবাদিকরা জানতে চাইলে মি. তালুকদার বলেন, ”সুদহার বাড়িয়ে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে একটু সময়ের প্রয়োজন হয়। বেশ সময় লেগে যায়। আগের চেয়ে না বাড়লেও গত নভেম্বর থেকে ক্রমাগত কমছে মূল্যস্ফীতি।,,

বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হিসেব অনুযায়ী, গত ডিসেম্বর শেষে দেশে এখন সার্বিক মূল্যস্ফীতি দাঁড়িয়েছে নয় দশমিক ৪১ শতাংশ। গত দেড় বছরেরও বেশি সময় ধরে দেশে ডলার সংকট চলছে। এতে ডলারের আনুষ্ঠানিক দাম ৮৬ টাকা থেকে বেড়ে ১১০ টাকা হয়েছে। যদিও খোলা বাজারে লেনদেন হচ্ছে আরও বেশি দামে। এর প্রভাব পড়েছে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রার রিজার্ভে। ২০২১ সালের অগাস্টে যেখানে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ ছিল প্রায় ৪৮ বিলিয়ন ডলার, সংকটের কারণে সেটি অর্ধেকেরও বেশি কমে গেছে। বাংলাদেশ ব্যাংকের হিসেবে, বর্তমানে দেশে বৈদেশিক মুদ্রার রিজার্ভ রয়েছে ২৫ দশমিক ৫৬ বিয়িলন ডলার। তবে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) হিসাব পদ্ধতি অনুযায়ী, এখন রিজার্ভ ২০ দশমিক ৩৮ বিলিয়ন ডলার।

এই পরিস্থিতিতে বিদেশি মুদ্রার বিনিময় হার নির্ধারণে নতুন মুদ্রানীতিতে `ক্রলিং পেগ, পদ্ধতি ব্যবহারের কথা চিন্তা করা হচ্ছে বলে সংবাদ সম্মেলনে জানিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। `ক্রলিং পেগ,হচ্ছে দেশিয় মুদ্রার সঙ্গে বৈদেশিক মুদ্রার বিনিময় হার সমন্বয়ের একটি পদ্ধতি। এই পদ্ধতিতে একটি মুদ্রার বিনিময় হারকে একটি নির্দিষ্ট সীমার মধ্যে ওঠানামা করার অনুমতি দেওয়া হয়। এক্ষেত্রে মুদ্রার দরের একটি সর্বোচ্চ এবং সর্বনিম্ন সীমা নির্ধারণ করা থাকে। ফলে একবারেই খুব বেশি বাড়তে পারবে না, আবার কমতেও পারবে না। ভিয়েতনাম, আর্জেন্টিনা, উরুগুয়ে, কোস্টারিকাসহ কিছু দেশ এই পদ্ধতি চালু রয়েছে বলে জানা গেছে। তবে বাংলাদেশে এই পদ্ধতিতে ডলারের বিনিময় হার কত হবে, তা এখনই জানানো হয়নি। বলা হয়েছে, সেটি পরে জানানো হবে।

ব্যাংক খাতের অনিয়ম রোধ ও সুশাসন প্রতিষ্ঠায় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার। মূল্যস্ফীতির চাপ সামাল দিতে এবার বাজারে অর্থের জোগান আরও কমানোর সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ব্যাংক। এরই অংশ হিসেবে ব্যাংকের রেপো বা নীতি সুদহার বাড়িয়ে ৮ শতাংশ করা হয়েছে। এর ফলে এখন ব্যাংক ঋণ নেওয়া আগের চেয়ে ব্যয়বহুল হতে চলেছে।

তবে বর্তমান বাস্তবতায় কেন্দ্রীয় ব্যাংকের এই সিদ্ধান্তকে যৌক্তিক হিসেবেই দেখছেন সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) গবেষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। তিনি বিবিসি বাংলাকে বলেন, ”বাংলাদেশে এখন মূল্যস্ফীতি এমনিতেই বেশি। এই অবস্থায় বেশি বেশি ঋণ দেওয়া হলে মূল্যস্ফীতি আরও বাড়বে। কাজেই মানুষকে ঋণে নিরুৎসাহীত করার এই নীতি বাস্তবসম্মত বলেই আমার মনে হয়েছে।„ তবে কেবল এর মাধ্যমেই যে মূল্যস্ফীতি কমে আসবে, সেটি মানতে নারাজ মি. মোয়াজ্জেম। ”নীতি সুদহার কমানোর অর্থ হচ্ছে বাজারে মুদ্রা সরবরাহ কমানো। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে এটি আংশিক ভূমিকা পালন করবে। অন্য নিয়ামকগুলোর প্রতিও দৃষ্টি দিতে হবে।„ বিবিসি বাংলাকে বলেন তিনি। বেসরকারি খাতকে ঋণ নিতে নিরুৎসাহিত করে সরকার যদি এখন নিজে মোটা অঙ্কের ঋণ গ্রহণ করে তাহলে মূল্যস্ফীতি কমানো সম্ভব হবে না বলে মনে করছেন মি. মোয়াজ্জেম। এছাড়া বিদেশি মুদ্রার বিনিময় হার নির্ধারণে `ক্রলিং পেগ, পদ্ধতির ব্যবহার করে খুব একটা লাভ হবে বলে মনে করছেন না সিপিডির এই অর্থনীতিবিদ। ”ডলারের মূল্য নির্ধারণ করে দেয়ার চেয়ে বরং মার্কেট ওপেন করে দেওয়া উচিত। কারণ মূল্য নির্ধারণ করা হলেও খোলা বাজারে সেটি কার্যকর দেখা যাচ্ছেনা„, বিবিসি বাংলাকে বলেন মি. মোয়াজ্জেম। এ অবস্থায় ডলারের বাজার উন্মুক্ত করে দিয়ে সেটি ভালোমত মনিটরিং করার প্রতি গুরুত্ব দেওয়ার পরামর্শ দিয়েছেন তিনি।

একইসাথে, দেশের ব্যাংকিং খাতে শৃঙ্খলা ফেরাতে কী ধরনের `ম্যাকানিজম, ব্যবহার করা হচ্ছে, সেটিও প্রকাশ করা উচিত বলে মনে করছেন সিপিডি,র এই পরিচালক। ”কি ম্যাকানিজম দিয়ে কোন কোন ইন্সট্রুমেন্ট তারা ব্যবহার করে ব্যাংকিং খাতে শৃঙ্খলা ফেরাবেন, তা সবার জানা দরকার," বলেন ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম। ”এমনকি তারা যদি প্রতি মাসে কোন টার্গেটও নির্ধারণ করে থাকেন, মাস শেষে কতটুকু অর্জন করতে পেরেছেন সেটাও মানুষকে জানানো উচিত„ বলেন তিনি। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ কেন্দ্রীয় ব্যাংকের অন্যতম প্রধান কাজ। দেশের বর্তমান উচ্চ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে গত এক বছরে বেশ কিছু উদ্যোগ নিতে দেখা গেছে বাংলাদেশ ব্যাংককে। এক্ষেত্রে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) পরামর্শেও বেশ কিছু পদক্ষেপ নিয়েছে ব্যাংকিং খাতের এই অভিভাবক প্রতিষ্ঠানটি।

আইএমএফের ঋণের শর্তানুযায়ী, চলতি অর্থবছরের প্রথম মুদ্রানীতিতে নীতি সুদহারের করিডর প্রথা চালু, সুদহারের সীমা প্রত্যাহার, ডলারের একক দাম, রিজার্ভের প্রকৃত হিসাবায়নসহ বিভিন্ন উদ্যোগ নেয় কেন্দ্রীয় ব্যাংক। এছাড়া মূল্যস্ফীতি রোধে মুদ্রা সরবরাহনির্ভর নীতি থেকে সরে এসে সুদহার লক্ষ্য করে মুদ্রানীতি প্রণয়ন শুরুর ঘোষণা দেয়া হয়। মূল্যস্ফীতি কমাতে ঋণের সুদহার কিছুটা বাজারভিত্তিক করেছে বাংলাদেশ ব্যাংক। পাশাপাশি নীতি সুদের হারও বাড়িয়েছে। এতে ঋণের সুদের হার নয় শতাংশ থেকে বেড়ে হয়েছে ১১ দশমিক ৮৯ শতাংশ। এছাড়া গত বছরের ডিসেম্বরে মূল্যস্ফীতি আট শতাংশে এবং আগামী জুনের মধ্যে তা ৬ শতাংশে নামিয়ে আনার লক্ষ্যের ঘোষণা আগেও দিয়েছিল বাংলাদেশ ব্যাংক। তবে গত ডিসেম্বর শেষে সার্বিক মূল্যস্ফীতি নয় দশমিক ৪১ শতাংশ এবং সার্বিক খাদ্য মূল্যস্ফীতি নয় দশমিক ৫৮ শতাংশে দাঁড়াতে দেখা গেছে। (বিবিসি ওয়েব পেজ : ১৭.১.২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## পাটুরিয়া ফেরিঘাট এলাকায় যানবাহন নিয়ে ফেরিডুবি

মানিকগঞ্জ জেলার পাটুরিয়ায় ৫ নম্বর ফেরিঘাট এলাকায় একটি ফেরি ডুবে গেছে। বুধবার (১৭ জানুয়ারি) সকাল ৮টার দিকে এ ঘটনা ঘটে। ফেরিতে নয়টি যানবাহন ছিল। ফেরিটি দৌলতদিয়া ঘাট থেকে পাটুরিয়ায় এসেছিল। ফেরি ডুবির ঘটনায় ১০ জন উদ্ধার হয়েছেন। এর মধ্যে ছয়জনকে ফায়ার সার্ভিস উদ্ধার করেছে। আর চারজন সাঁতরে তীরে আসেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের গুদাম পরিদর্শক আনোয়ারুল ইসলাম বলেন সকাল ৮টা ১৬ মিনিটের দিকে পিকআপ ও কাভার্ডভ্যানসহ রজনীগন্ধা নামের ফেরিটি নদীতে ডুবে যায়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের ডুবুরি দল ঘটনাস্থলে যায়। তিনি আরও বলেন আরিচা ফায়ার স্টেশনের ডুবুরি ইউনিট কাজ করছে। ঢাকার সিদ্দিক বাজার ফায়ার স্টেশন থেকে ডুবুরি ইউনিট ঘটনাস্থলের উদ্দেশে গেছে। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) বলেছে উদ্ধার অভিযানে যোগ দিয়েছে নৌবাহিনীর ডুবুরি দল।

বাল্কহেড ধাক্কা দেওয়ায় ফেরিডুবির ঘটনা ঘটেছে নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী।

এদিকে নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী জানিয়েছেন পাটুরিয়া ফেরিঘাটের কাছে নোঙ্গর করা ফেরি রজনীগন্ধাকে বাল্কহেড ধাক্কা দেওয়ায় দুর্ঘটনা ঘটেছে।বুধবার সচিবালয়ে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। তিনি বলেন প্রাথমিকভাবে আমাকে জানানো হয়েছে ফেরিটি ঘাট থেকে খুব কাছাকাছি নোঙ্গর করা ছিল। বাল্কহেড সেটিকে ধাক্কা দিয়েছে। এখানে দুর্বলতা কিংবা অন্য কোনো ঘটনা আছে কি না সেটি তদন্ত প্রতিবেদন পাওয়া ছাড়া বলা যাবে না। খালিদ মাহমুদ চৌধুরী বলেন এটি ইউটিলিটি ফেরি এবং ছোট। অল্পসংখ্যক গাড়ি সেখানে ছিল। ফেরিতে যখন যানবাহন ওঠে, তখন ব্যালান্স করে রাখা হয়। রাত একটা-দেড়টার সময় সেটিকে ঠিকভাবে অনুসরণ করা হয়েছিল কি না, সেটাও একটি ব্যাপার। তিনি বলেন ফেরিটি মূলত কুয়াশার কারণে নোঙ্গর করে ছিল। তারা (ফেরির সারেং ও কর্মী) বলেছে রাত দেড়টার সময় যখন রওনা দিয়েছে, তখন কুয়াশা ছিল না। যখন পাটুরিয়ার একদম কাছাকাছি চলে আসে তখন কুয়াশা দেখা দেয়। (ভোয়া ওয়েব পেজঃ ১৭.০১.২০২৪ রুবাইয়া)

## অংশীদারত্ব সহযোগিতা চুক্তি নিয়ে শিগগিরই আলোচনা শুরু করবে ইইউ : রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি

বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত ও প্রতিনিধিদলের প্রধান চার্লস হোয়াইটলি বলেছেন তারা খুব শিগগিরই অংশীদারত্ব সহযোগিতা চুক্তি নিয়ে বাংলাদেশের সঙ্গে আলোচনা শুরু করতে যাচ্ছেন। বুধবার (১৭ জানুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। তিনি বলেন আমাদের মধ্যে খুবই ফলপ্রসূ ও প্রাণবন্ত আলোচনা হয়েছে। চার্লস হোয়াইটলি বলেন তারা বাংলাদেশ-ইইউ অংশীদারত্বকে এগিয়ে নিয়ে যাওয়ার উপায় নিয়ে আলোচনা করেছেন।

(ভোয়া ওয়েব পেজ : ১৭.০১.২০২৪ রুবাইয়া)

## জনশুমারী অনুযায়ী বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘু কমার পরের বছর সংসদে কমেছে জনপ্রতিনিধি

সর্বশেষ ২০২৩ সালের জনশুমারিতে বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের জনসংখ্যা কমেছে। আর জনসংখ্যা কমার পরের বছরে সংসদে কমেছে নির্বাচিত সংখ্যালঘু জনপ্রতিনিধি। দ্বাদশ সংসদে প্রায় দেড় কোটি সংখ্যালঘু মানুষের নির্বাচিত জনপ্রতিনিধি ১৫ জন। শতাংশের হিসেবে মাত্র ৫ শতাংশ। তাই এই ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের চাওয়া সংরক্ষিত নারী আসনে সংখ্যালঘু সম্প্রদায় লোকদের যেন বেশি মনোনয়ন দেয়া হয়। দ্বাদশ সংসদে সরাসরি নির্বাচিত হওয়া ১৫ জন সংখ্যালঘু জনপ্রিতিধিদের মধ্যে আওয়ামী লীগের নৌকা মার্কায় ১৩ জন এবং স্বতন্ত্র ২ জন। তবে, টেকনোক্র্যাট কোটায় আরও একজন সংখ্যালঘুকে মন্ত্রী করা হয়েছে। সর্বশেষ একাদশ সংসদে সংখ্যালঘু সম্প্রদায়ের নির্বাচিত জনপ্রতিনিধি ছিলেন ১৯ জন। আর সংরক্ষিত নারী আসনে ছিলেন ৩ জন। ওই সংসদে সংখ্যালঘু সম্প্রদায়ের সবাই ছিলেন আওয়ামী লীগের। তার আগে ২০১৪ সালের দশম সংসদে সংখ্যালঘু সম্প্রদায়ের নির্বাচিত জনপ্রনিধি ছিলো ১৮ জন। ৭ জানুয়ারি দ্বাদশ সংসদ নির্বাচনে সংখ্যালঘু সম্প্রদায়ের ৭৯ জন প্রার্থী অংশ নেয়। তাদের মধ্যে আওয়ামী লীগের নৌকা প্রতীকে ১৮ জন, স্বতন্ত্র ১৫ জন। আর কৃষক শ্রমিক জনতা লীগের ৪ জন, বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি ২ জন, বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট ২ জন, ন্যাশনাল পিপলস পার্টি ৪ জন, তৃণমূল বিএনপি ৯ জন, বাংলাদেশ কংগ্রেস ৭ জন, জাতীয় পার্টি ৪, গণতন্ত্রী পার্টি ২, বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ)-২, জাসদ ১, গণফোরাম ১, তরিকত ফেড়ারেশন ১ প্রার্থী দেয়। এছাড়া অন্যান্য দলগুলো ৭ জনকে মনোনয়ন দেয়। সংখ্যালঘু সম্প্রদায়ের বিজয়ী জনপ্রতিনিধিদের তালিকা বিশ্লেষণ করে দেখা যায়, সনাতন (হিন্দু) ধর্মাবলম্বী ৬৮ জন প্রার্থীর মধ্যে ১১ জন, খ্রিষ্টান ধর্মাবলম্বী ৩ জনে ১ জন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ৬ জনে ২ জন এবং বৌদ্ধ ধর্মাবলম্বী ৩ জনে ১ জন পাশ করেছে। নির্বাচনে পাশ করা ১৫ সংখ্যালঘুর মধ্যে হিন্দু ধর্মাবলম্বী ১১ জনের ৮ জন আওয়ামী লীগের। এরা হচ্ছেন- রমেশ চন্দ্র সেন, সাধন চন্দ্র মজুমদার, সৌমেন্দ্র প্রসাদ পান্ডে, সৌরেন্দ্রনাথ চক্রবর্ত্তী, শ্রী বীরেন শিকদার, ননী গোপাল মন্ডল, নারায়ণ চন্দ্র চন্দ, রনজিত চন্দ্র সরকার, প্রান গোপাল দত্ত। আর স্বতন্ত্রদের মধ্যে হিন্দু ধর্মাবলম্বী

পংকজ নাথ, জয়া সেনগুপ্ত। তবে, গত একাদশ সংসদে তারা দুইজন আওয়ামী লীগের সংসদ সদস্য ছিলেন। এবার নির্বাচনে দলীয় মনোনয়ন না পেয়ে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নেন। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের থেকে নির্বাচিত হয়েছেন, পার্বত্য খাগড়াছড়ি–১ আসনের কুজেন্দ্র লাল ত্রিপুরা (বৌদ্ধ সম্প্রদায়), পার্বত্য রাঙ্গামাট–১ থেকে দীপংকর তালুকদার, পার্বত্য বান্দরবান– ১ থেকে বীর বাহাদুর উ শৈ সিং। ফলাফলের হিসেবে দেখা যায়, নির্বাচনে ১২ দল থেকে অংশ নেওয়া কোনও সংখ্যালঘু প্রার্থী জয়ী হতে পারেনি। একাদশ সংসদের মন্ত্রী সভায় সংখ্যালঘু সম্প্রদায়ের ৪ জন মন্ত্রী ছিলেন। সেই হিসেবে দ্বাদশ সংসদের মন্ত্রীসভায় সংখ্যালঘুদের মন্ত্রী কমেনিও আবার বাড়েনিও। ১১ জানুয়ারি গঠিত নতুন মন্ত্রীসভায় ৪ জন সংখ্যালঘুকে মন্ত্রী করা হয়। এই ৪ জনের মধ্যে গতবারের মন্ত্রীসভা ছিলেন সাধন চন্দ্র মজুমদার। আর নতুন তিন জন হচ্ছেন- নারায়ণ চন্দ্র চন্দ, ড. সামন্ত লাল সেন (টেকনোক্র্যাট) ও কুজেন্দ্র লাল ত্রিপুরা। এদের মধ্যে কুজেন্দ্র লাল ত্রিপুরা প্রতিমন্ত্রী হয়েছেন।
বাকি তিনজন পূর্ণ মন্ত্রী।

বরিশাল-৪ আসন থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচিত হওয়া পঙ্কজ দেব নাথ ভয়েস অফ আমেরিকাকে বলেন আওয়ামী লীগের পক্ষ থেকে চূড়ান্তভাবে ১৮ জন সংখ্যালঘু সম্প্রদায়কে মনোনয়ন দেওয়া হয়। সেখান থেকে ১২ জন নির্বাচিত হয়েছে। বাকি ৬ জন জয়ী হতে পারে নাই। আমি মনে করি আওয়ামী লীগ তাদের দায়িত্ব পালন করেছে। তিনি আরও বলেন যদিও সংখ্যালঘুর নেতারা দাবি করেন আওয়ামী লীগের যদি ৪০ শতাংশ ভোট থাকে সেখানে ১০ শতাংশ ভোট সংখ্যালঘুদের। সেই হিসেবে আওয়ামী লীগের কাছে তাদের দাবি থাকে ৭৫টি আসনে সংখ্যালঘু সম্প্রদায়কে মনোনয়ন দেওয়ার। কিন্তু আওয়ামী লীগকে তো বাংলাদেশের বাস্তবতাও চিন্তা করতে হয়। যেহেতু এই সংসদে সংখ্যালঘু সম্প্রদায়ের নির্বাচিত জনপ্রতিনিধি কম, সেইক্ষেত্রে সংরক্ষিত নারী আসনে বেশি চাওয়ার একটা দাবি থাকতে পারে বলে উল্লেখ করে আওয়ামী লীগের এই নেতা বলেন আসলে বেশি চাইতে তো দোষ নেই। সরকার নিশ্চয়ই সবদিক বিবেচনা করে মনোনয়ন দেবে। আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ মাহবুব উল আলম হানিফ ভয়েস অফ আমেরিকাকে বলেন এখানে বাড়ানো-কমানোর তো কোনও বিষয় নেই। কারণ এটা ভোটের বিষয়। ভোটাররা কাকে নির্বাচিত করবে, সেটা তাদের বিষয়। ভোটারদের ওপর কোনও চাপ দেওয়া যাবে না। সংসদীয় গণতন্ত্রে ভোটার হচ্ছে আসল। তারা তাদের ভোটাধিকার প্রয়োগ করে পছন্দের প্রার্থীকে বেছে নিয়েছে। এখানে আমাদের তো কিছু করার নেই। বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক রানা দাশগুপ্ত ভয়েস অফ আমেরিকাকে বলেন গতবার ১৯ জন ছিলো নির্বাচিত আর তিনজন ছিলো সংরক্ষিত। মোট ২২ জন ছিলো। আর এই সংসদে আওয়ামী লীগের নৌকা প্রতীকের ১৩ জন আর স্বতন্ত্র হলো ২ জন। সব মিলিয়ে ১৫ জন। অর্থাৎ গতবারের চেয়ে এবার প্রতিনিধিত্ব আরও কমে গেলো। এটা অবশ্যই আমাদের জন্য দুর্ভাগ্যজনক। সংগঠনের সভাপতি নির্মল রোজারিও ভয়েস অফ আমেরিকাকে বলেন এই সংসদে আমাদের খ্রিস্টান সম্পদায়ের কোনও প্রতিনিধি তো নেই। বিএনপি চেয়ারপার্সন উপদেষ্টা পরিষদের অধ্যাপক সুকোমল বড়ুয়া ভয়েস অফ আমেরিকাকে বলেন আওয়ামী লীগ তাদের সংসদে সংখ্যালঘুদের বাড়াবে নাকি কমাবে এটা নিয়ে আমি মন্তব্য করতে পারবো না। কারণ এটা তাদের সরকার। তবে, আমি মনে করি সমাজের প্রতিটি সেক্টরে সংখালঘুদের প্রতিনিধি বাড়ানো উচিত।

জনসংখ্যা আনুপাতিক প্রতিনিধিত্ব ও টেকনোক্র্যাট মন্ত্রী চায় সংখ্যালঘুরা

সংসদে জনসংখ্যার আনুপাতিক হারে জনপ্রতিনিধিত্ব চায় সংখ্যালঘু সম্প্রদায়ের নেতারা। তারা বলছেন, সংসদে সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতিনিধিত্ব বাড়াতে হবে। তার জন্য আনুপাতিক হারে জনপ্রতিনিধি দিতে হবে। একইসঙ্গে টেকনোক্রেট কোটায় মন্ত্রীসভা মন্ত্রী চান খ্রিস্টান সম্প্রদায়ের নেতারা। রানাদাশ গুপ্ত বলেন বারবার আমাদের দাবি ছিলো, জনসংখ্যার আনুপাতিক হারে সংসদে আমাদের প্রতিনিধিত্বটা করা হোক। যদিও এবারও সেটা করা হয়নি। খ্রিস্টান সম্প্রদায়ের নেতা নির্মল রোজারিও বলেন আমাদের প্রত্যাশা হচ্ছে- খ্রিস্টান সম্প্রদায়ের থেকে সংসদে সংরক্ষিত নারী আসনে বেশি মনোনয়নের। যাতে সংসদে আমাদের প্রতিনিধি বাড়ে। আর আমাদের বড় জোরালো দাবি হচ্ছে, টেকনোক্রেট কোটায় যেন খ্রিস্টান সম্প্রদায় থেকে একজনকে মন্ত্রী করা হয়।

নিরাপত্তার অভাবসহ নানা কারণে দেশে কমছে সংখ্যালঘুদের সংখ্যা

গত বছরের ২২ সালের জুলাই মাসের জনশুমারি ও গৃহগণনা শুমারির প্রাথমিক তালিকা অনুযায়ী দেশের সংখ্যা ছিলো ১৬ কোটি ৫১ লাখ ৫৮ হাজার ৬১৬ জন। এদের মধ্যে দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ ১ কোটি ৪৯ লাখ ৩১ হাজার ২৪১ জন। তারমধ্যে হিন্দু সম্প্রদায়ের ১ কোটি ৩১ লাখ ৩০ হাজার ১১০ জন। বৌদ্ধ সম্প্রদায়ের ১১ লাখ ৭ হাজার ৪৬৬ জন, খ্রিস্টান সম্প্রদায়ের ৪ লাখ ৯৫ হাজার ৪৭৫ জন এবং অন্যান্য সম্প্রদায়ের ১ লাখ ৯৮ হাজার ১৯০ জন। পরিসংখ্যান ব্যুরোর করা এই জনশুমারীর তথ্য অনুযায়ী, হিন্দু জনসংখ্যা ৮ দশমিক ৫৪ শতাংশ থেকে কমে ৭ দশমিক ৯৫ শতাংশ, বৌদ্ধ জনসংখ্যা শূন্য দশমিক ৬২ থেকে কমে শূন্য দশমিক ৬১ শতাংশ, খ্রিস্টান জনসংখ্যা শূন্য দশমিক ৩১ থেকে কমে শূন্য দশমিক ৩০ শতাংশ এবং অন্যান্য ধর্মের জনসংখ্যা শূন্য দশমিক ১৪ থেকে কমে শূন্য দশমিক ১২ শতাংশে নেমে এসেছে বাংলাদেশে সংখ্যালঘুদের নিরাপত্তহীনতায় ভোগার মতো পরিস্থিতির কারণে সংখ্যালঘু কমেছে

বলে মনে করেন রাশা দাশগুপ্ত।তিনি বলেন পাকিস্তান আমলে যেভাবে সংখ্যালঘুদের সংখ্যার ক্রমানবতি হয়েছে। বাংলাদেশ আমলে একইভাবে ক্রমানবতি হচ্ছে। যেমন ৪৭ সালে যখন পাকিস্তান হলো তখন পূর্ব পাকিস্তানে মোট জনসংখ্যার ২৯.৭ শতাংশ ছিলো সংখ্যালঘু সম্প্রদায়ের। ১৯৭০ সালের নির্বাচনে দেখা যায় এই জনসংখ্যা কমে ১৯ থেকে ২০ শতাংশে। আর ২০২৩ সালের পরিসংখ্যান ব্যুরো হিসেবে বলা হচ্ছে, সংখ্যালঘু কমে দাড়িয়েছে ৮.৯১ শতাংশ। এই কমে যাওয়ার মূল কারণ হলো নিরাপত্তার অভাব। নিরাপত্তার অভাবের কারণে এরা দেশ ত্যাগ করছে না, দেশ ত্যাগে বাধ্য করা হচ্ছে। সংখ্যালঘু মানুষ কমে যাওয়ার ফলে তা আমাদের গণতান্ত্রিক ধারাকে দুর্বল করছে বলে মনে করেন রানা দাশগুপ্ত। তিনি বলেন কিন্তু দুঃখজনক হলো কেন এটা কমছে, তার কারণ খুঁজে বের করতে রাষ্ট্র বা রাজনৈতিক দলগুলো কোনও কমিশন গঠন করে নাই। চেষ্টাও করে নাই। আমরা দাবি করি, একটি কমিশন হোক, কেন সংখ্যালঘুদের হার কমছে তা বের করা হোক। এখনও যারা আছে তাদেরকে দেশত্যাগ বন্ধে কি, কি পদক্ষেপ নেওয়া যায়, সেটা নিতে হবে। শুধুমাত্র নিরাপত্তার অভাবে সংখ্যালঘু সম্প্রদায়ের লোক কমছে- এমনটা মনে করেন না নির্মল রোজারিও। তিনি বলেন বিভিন্ন কারণে সংখ্যালঘু সম্প্রদায়ের লোক কমছে। এখানে বড় কারণ হচ্ছে মাইগ্রেশন। এটা কম বেশি সব দেশে হচ্ছে। ইউরোপ, আমেরিকা ও কানাডা চলে যাচ্ছে। এটাও ঠিক কিছু সমস্যার কারণে কিছু লোক দেশ ছেড়েছে। আরেকটা কারণ হচ্ছে, জন্মহার। তুলনামূলকভাবে সংখ্যালঘু সম্প্রদায়ের জন্মহার কম। তারা পরিবার পরিকল্পনা নিয়ম কঠিনভাবে মেনেছে। যেটা মুসলিম সম্প্রদায়ের লোক তুলনামূলক কম মেনেছে। তার মতে আমরা যদি প্রত্যেক সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিত করতে পারি, তাহলে দেশে সংখ্যালঘু সম্প্রদায়ের লোক কমে যাওয়া ঠেকাতে পারবো। তার জন্য রাষ্ট্রের সবকিছুতে সংখ্যালঘু সম্প্রদায়ের লোকদের অংশগ্রহণ করা নিশ্চত করতে হবে। রাষ্ট্রের নীতিনির্ধারণী পর্যায়ে তাদের অংশগ্রহণ থাকতে হবে। সংসদ, মন্ত্রীসভায় এবং সচিবালয়ে সংখ্যালঘু প্রতিনিধি বাড়াতে হবে। হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান কল্যাণ ফ্রন্টের নেতা অধ্যাপক সুকোমল বড়ুয়া বলেন, "স্বাধীনতার পর থেকে বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের লোক কমছে। এখানে নানা দিক থেকে সংখ্যালঘু সম্প্রদায়ের অধিকার কমছে। মন্দির গির্জাগুলোতে হামলা হয়েছে। তাদের সম্পত্তি বেদখল হয়েছে। সংখ্যালঘু হিসেবে সব সময় একটা ভয়ের মধ্যে থাকে। যার কারণে অনেকে চলে গেছে। রাষ্ট্রের সবকিছুতে সংখ্যালঘু সম্প্রদায়ের লোকদের অংশগ্রহণ করা নিশ্চত করতে হবে। রাষ্ট্রের নীতিনির্ধারণী পর্যায়ে অংশগ্রহণ থাকতে হবে। সংসদ এবং মন্ত্রীসভায় রাখতে হবে।

(ভোয়া ওয়েব পেজ: ১৭.০১.২০২৪ রুবাইয়া)

## মুদ্রাস্ফীতি মোকাবিলায় বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নতুন মুদ্রানীতি ঘোষণা

মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রাখতে ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয়ার্ধের জন্য সংকোচনমূলক মুদ্রানীতি ঘোষণা করেছে বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক বাংলাদেশ ব্যাংক (বিবি)। বুধবার (১৭ জানুয়ারি) মুদ্রানীতি ঘোষণা করে বাংলাদেশ ব্যাংক। কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর আবদুর রউফ তালুকদার বলেন কেন্দ্রীয় ব্যাংকের অগ্রাধিকার হচ্ছে যেকোনো মূল্যে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করা। ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতি রোধে আরেকটি পদক্ষেপের জন্য আমরা ব্যাংকের বাইরে মুদ্রা প্রবাহ নিয়ন্ত্রণের নীতি নির্ধারণ করেছি। আর্থিক খাতে চলমান চ্যালেঞ্জ বিবেচনায় বাংলাদেশ ২০২৩-২৪ অর্থবছরের জন্য অর্থনৈতিক প্রবৃদ্ধির পূর্বাভাস প্রাথমিক ৭ দশমিক ৫ শতাংশ থেকে কমিয়ে ৬ দশমিক ৫ শতাংশ করেছে। মুদ্রানীতির বিবৃতিতে বলা হয়েছে, ভোক্তা মূল্য ক্রমাগত উচ্চমাত্রায় থাকায় কর্তৃপক্ষ মুদ্রাস্ফীতির পূর্বাভাস ৬ শতাংশ থেকে বাড়িয়ে ৭ দশমিক ৫ শতাংশে উন্নীত করেছে। আবদুর রউফ তালুকদার বলেন, কেন্দ্রীয় ব্যাংক জুনের মধ্যে মুদ্রাস্ফীতি সাড়ে ৭ শতাংশে নামিয়ে আনতে চায়। এ জন্য নতুন মুদ্রানীতিতে সুদের হার ২৫ শতাংশ পয়েন্ট বাড়িয়ে ৮ শতাংশ করা হয়েছে।.তিনি বলেন অর্থ সরবরাহ রোধে আর্থিক লক্ষ্যমাত্রা কমিয়ে জুন মাসে বেসরকারি খাতের ঋণ প্রবৃদ্ধি ১১ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশে নামিয়ে আনা হয়েছে। নতুন নীতিমালা অনুযায়ী সুদের হার ৭ দশমিক ৭৫ শতাংশ থেকে বাড়িয়ে ৮ শতাংশ করা হচ্ছে। এর ফলে অন্য ব্যাংকগুলো বাংলাদেশ ব্যাংক থেকে যে পরিমাণ অর্থ ঋণ নেবে, তার সুদের হার বাড়বে। এ ছাড়া, রিভার্স রেপো রেট (বর্তমানে স্ট্যান্ডিং ডিপোজিট ফ্যাসিলিটি বা এসডিএফ নামে পরিচিত) ন্যূনতম সুদের হার ৭৫ শতাংশ পয়েন্ট বাড়িয়ে ৫ দশমিক ৭৫ শতাংশ থেকে ৬ দশমিক ৫০ শতাংশ করার ইঙ্গিত দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। বাজারে উদ্বৃত্ত টাকা থাকলে কেন্দ্রীয় ব্যাংক রিভার্স রেপোর মাধ্যমে টাকা উত্তোলন করে। পলিসি ইন্টারেস্ট করিডোরে স্পেশাল রেপো বা স্ট্যান্ডিং লেন্ডিং ফ্যাসিলিটি (এসএলএফ) সুদের হারের সীমা ২৫ বেসিস পয়েন্ট কমিয়ে ৯ দশমিক ৭৫ শতাংশ থেকে ৯ দশমিক ৫০ শতাংশ করা হয়েছে। এতে ব্যাংকগুলোতে তারল্য সংকটের সময় বাংলাদেশ ব্যাংক থেকে ঋণ নেওয়ার খরচ কমবে। চলতি অর্থবছরের প্রথমার্ধে (ডিসেম্বর পর্যন্ত) ঘোষিত মুদ্রানীতিতে বেসরকারি খাতে ঋণ প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১০ দশমিক ৯ শতাংশ। কিন্তু মুদ্রাস্ফীতির মতো ঋণ প্রবৃদ্ধির এই লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। আর ২০২৩ সালের নভেম্বর পর্যন্ত বেসরকারি খাতে ঋণ প্রবৃদ্ধি অর্জিত হয়েছে ৯ দশমিক ৯০ শতাংশ, যা লক্ষ্যমাত্রার চেয়ে ১ শতাংশ কম।

(ভোয়া ওয়েব পেজ: ১৭.০১.২০২৪ রুবাইয়া)

### বিএনপি নেতা মির্জা ফখরুল আরেকটি মামলায় এবং আমীর খসরু দুটি মামলায় জামিন পেয়েছেন

বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে রাজধানী ঢাকার পল্টন মডেল থানায় দায়ের করা আরেকটি মামলায় জামিন দিয়েছেন আদালত। এছাড়া পুলিশ কনস্টেবল আমিরুল ইসলাম পারভেজ হত্যা মামলাসহ দুই মামলায় দলটির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরীকেও জামিন দিয়েছেন একই আদালত।ভবুধবার (১৭ জানুয়ারি) ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সিএমএম) আদালতের ম্যাজিস্ট্রেট তাহমিনা হক ১০ হাজার টাকা মুচলেকায় তাঁদের জামিন মঞ্জুর করেন। এর আগে ১০ জানুয়ারি রাজধানী ঢাকার রমনা ও পল্টন মডেল থানায় দায়ের করা নয়টি মামলায় মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে জামিন দেন ঢাকার অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম সুলতান সোহাগ উদ্দিন। ২০২৩ সালের ২৮ অক্টোবর নয়াপল্টনে বিএনপির জনসভাকে কেন্দ্র করে সহিংসতার ঘটনায় মির্জা ফখরুলের বিরুদ্ধে ১১টি এবং আমীর খসরু মাহমুদ চৌধুরীর বিরুদ্ধে ১০টি মামলা দায়ের করা হয়। মির্জা ফখরুল ১১টি মামলার মধ্যে এ পর্যন্ত ১০টিতে এবং আমীর খসরু মাহমুদ চৌধুরী মাত্র দুটি মামলায় জামিন পেয়েছেন।আইনজীবী জয়নুল আবেদীন বলেন আরও একটি মামলায় জামিন না পাওয়ায় মির্জা ফখরুলকে এখনই কারাগার থেকে মুক্তি দেওয়া হবে না। ২০২৩ সালের ২৮ অক্টোবর বিএনপির সমাবেশ চলাকালে প্রধান বিচারপতির বাসভবনে ভাংচুর ও হামলার অভিযোগে ২৯ অক্টোবর রমনা থানায় মামলা দায়ের করে পুলিশ। মামলায় মির্জা ফখরুল ছাড়াও বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসসহ ৫৯ নেতাকর্মীকে অভিযুক্ত করা হয়। ওই মামলায় ২৯ অক্টোবর ফখরুলকে গ্রেপ্তার করা হয় এবং এরপর থেকে তিনি কারাগারে রয়েছেন। (ভোয়া ওয়েব পেজ: ১৭.০১.২০২৪ রুবাইয়া)

### সম্পর্ক ঘনিষ্ঠ করতে একসঙ্গে কাজ করবে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র: পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের সম্পর্ককে আরও ঘনিষ্ঠ করার লক্ষ্যে বাণিজ্য বিস্তৃতি জঙ্গিদমন ফ্যানাটিজম মোকাবিলাসহ সকল ক্ষেত্রে একসঙ্গে কাজ করার বিষয়ে বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাসের সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। বুধবার (১৭ জানুয়ারি) দুপুরে রাজধানী ঢাকার সেগুনবাগিচায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের সঙ্গে সাক্ষাৎ করেন রাষ্ট্রদূত পিটার হাস। বৈঠক শেষে হাছান মাহমুদ সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। হাছান মাহমুদ সাংবাদিকদের বলেন, আমরা উভয় দেশ আমাদের সম্পর্ককে আরও ঘনিষ্ঠ করার লক্ষ্যে ফলপ্রসূ আলোচনা করেছি। আমাদের স্বাধীন দেশের ৫২ বছরের পথচলায় যুক্তরাষ্ট্রের বড় উন্নয়ন সহযোগীর ভূমিকার জন্য রাষ্ট্রদূতকে ধন্যবাদ জানিয়েছি। তিনি বলেন, বাণিজ্য খাতেও তারা আমাদের বড় অংশীদার। আমাদের বিজনেস বাস্কেট আরও সমৃদ্ধ করা ও যুক্তরাষ্ট্রের সরাসরি বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে আলোচনা হয়েছে। যুক্তরাষ্ট্রও আমাদের নতুন সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার অভিপ্রায় ব্যক্ত করেছে। নানা বিষয়ে যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্কের কথা উল্লেখ করে হাছান মাহমুদ বলেন, জঙ্গিদমনে এবং বিশ্বব্যাপী `ফ্যানাটিজম মোকাবিলায় আমরা দীর্ঘদিন একসঙ্গে কাজ করছি, ভবিষ্যতেও কাজ করবো সেই আশাবাদ ব্যক্ত করেছি। তিনি বলেন, রোহিঙ্গা সমস্যা নিয়েও আলোচনা হয়েছে। রোহিঙ্গাদের ফেরত পাঠানোর জন্য আমরা সবসময় তাদের সহযোগিতা চেয়ে এসেছি। আজ আবারও তা পুণর্ব্যক্ত করেছি। তারা আগে থেকেই এ বিষয়ে আমাদের সহযোগিতা করে আসছে আমরা একযোগে কাজ করার বিষয়ে ঐকমত্য হয়েছি।হাছান মাহমুদ আরও জানান গত নির্বাচনে মার্কিন পর্যবেক্ষকদের পাঠানোর জন্য ধন্যবাদ দিয়ে আমি তাকে সুষ্ঠু, সুন্দর, অংশগ্রহণমূলক নির্বাচনের কথা জানিয়েছি যেখানে শীত ও কুয়াশা সত্ত্বেও প্রায় ৪২ শতাংশ ভোট পড়েছে, যেটি একটি ভালো ভোটার টার্ন-আউট। বৈঠক শেষে হাছান মাহমুদ রাষ্ট্রদূত পিটার হাসের হাতে আওয়ামী লীগের দলীয় প্রতীক নৌকাসহ ঐতিহ্যবাহী উপহার সামগ্রী তুলে দেন।

পিটার হাস জানিয়েছেন, বাংলাদেশের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবেন

এদিকে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের সঙ্গে বৈঠক শেষে রাষ্ট্রদূত পিটার হাস সাংবাদিকদের জানিয়েছেন পারস্পরিক গুরুত্বপূর্ণ ইস্যুতে আগামী মাসগুলোতে বাংলাদেশের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবেন। পিটার হাস বলেন, আমরা দুই দেশের সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে আলোচনা করেছি। আমি আমাদের পারস্পরিক স্বার্থকে এগিয়ে নিতে আগামী মাসগুলোতে খুব ঘনিষ্ঠভাবে কাজ করার অপেক্ষায় রয়েছি। তিনি আরও বলেন, জলবায়ু পরিবর্তন, ব্যবসার সম্প্রসারণ ও রোহিঙ্গা সমস্যার মতো পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে আমরা আলোচনা করেছি।

(ভোয়া ওয়েব পেজ: ১৭.০১.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### দ্বাদশ জাতীয় নির্বাচন ছিলো একপাক্ষিক ও পাতানো, অভিযোগ টিআইবি'র

বাংলাদেশে অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে একপাক্ষিক পাতানো ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ বলে মন্তব্য করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ বা টিআইবি। বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের সংবাদদাতা:

গেলো ৭ জানুয়ারি বাংলাদেশে অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে `একপাক্ষিক, ও `পাতানো প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ, নির্বাচন ছিলো বলে মন্তব্য করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সংস্থাটি বলেছে এই নির্বাচন অবাধ ও অন্তর্ভুক্তিমূলক হয়নি। নির্বাচনে শেষের এক ঘন্টায় ১৫.৪৩ শতাংশ ভোটসহ মোট ৪১.৮ শতাংশ ভোট পড়া বিতর্কের জন্ম দিয়েছে বলেও মনে করছে টিআইবি। বিএনপিসহ ১৫টি নিবন্ধিত দলের অনুপস্থিতি ও তাদের নির্বাচন বর্জনের কারণে ২৪১ আসনে প্রতিদ্বন্দ্বিতাই হয়নি বলে দাবি তাদের। আজ বুধবার রাজধানীর ধানমন্ডিতে নিজেদের কার্যালয়ে এই গবেষণা প্রতিবেদন উপস্থাপন করেন টিআইবির গবেষক মাহফুজুর হক, নেওয়াজুল মওলা ও সাজেদুল ইসলাম। এটি তাদের নির্বাচনকেন্দ্রিক প্রাথমিক গবেষণা প্রতিবেদন। পরবর্তীতে চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ করবে বলে জানিয়েছে টিআইবি। গবেষণায় সারা দেশের ৫০টি সংসদীয় আসনকে দৈবচয়ন পদ্ধতিতে বাছাই করে সেগুলোর নির্বাচনের বিষয়ে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সকল বিষয়ের তথ্য-উপাত্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছেন টিআইবি নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান (স্বকণ্ঠে): দ্বাদশ সংসদ নির্বাচন একপাক্ষিক হয়েছে। পাতানো প্রতিযোগিতাপূর্ণ নির্বাচন হয়েছে। অবাধ এবং অংশগ্রহণমূলক হয়নি। (রে. তেহরান : ২০৩০ ঘ. ১৭.০১.২০২৪ বাদশা রহমান, এলিনা)

## সম্পর্ক ঘনিষ্ঠে সম্মত বাংলাদেশ-যুক্তরাষ্ট্র; অভিন্ন স্বার্থ রক্ষায় অধীর আগ্রহ ওয়াশিংটনের

বাংলাদেশ ও আমেরিকা নিজেদের মধ্যে সম্পর্ক ঘনিষ্ট করার বিষয়ে একমত হয়েছে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস বলেছেন বাংলাদেশের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবে যুক্তরাষ্ট্র এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ সংবাদদাতা:

বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্র নিজেদের মধ্যে সম্পর্ক ঘনিষ্ঠ করার বিষয়ে একমত হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে মন্ত্রীর সঙ্গে প্রথম সৌজন্য সাক্ষাতে আসেন মার্কিন রাষ্ট্রদূত। সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, উভয়ে দেশ সম্পর্ককে আরও ঘনিষ্ঠ করার বিষয়ে একমত হয়েছে এবং সেই লক্ষ্যেই কাজ করবে বলে জানিয়েছেন তিনি। মার্কিন রাষ্ট্রদূত নতুন সরকারের সঙ্গে কাজ করা এবং সম্পর্ককে আরও ঘনিষ্ঠ করার বিষয়ে আলোচনা করেছে।যেখানে বাণিজ্য আরও বিস্তৃত করার জন্য আমেরিকান বিনিয়োগের বিষয়ে একসঙ্গে কাজ করার আলোচনা করেছেন তারা। পররাষ্ট্রমন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে আমাদের নানা বিষয়ে সম্পর্ক রয়েছে।  আমরা জঙ্গিবাদ দমন, উগ্রবাদ মোকাবিলায় দীর্ঘদিন ধরে একসঙ্গে কাজ করছি। সেটাকে আরও ঘনিষ্ঠভাবে ভবিষ্যতে কাজ করার বিষয়েও আশাবাদ ব্যক্ত করা হয়েছে এই বৈঠকে(স্বকণ্ঠে): আমাদের সরকার ইউএস গভর্নমেন্টের সাথে আরও একযোগে, ঘনিষ্ঠভাবে কাজ করার ব্যাপারে আমরা অত্যন্ত ফলপ্রসূ আলোচনা করেছি। যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত নিজে থেকে নির্বাচন নিয়ে কোন প্রশ্নের অবতারণা করেনি বরং আমি তাদের দেশ থেকে যে অবজারভরা আসছে সেজন্য তাকে ধন্যবাদ জানিয়েছি।

এদিকে, মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস বলেছেন, বাংলাদেশের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবে যুক্তরাষ্ট্র।একই অনুষ্ঠানে মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস আরো বলেছেন, বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে ভবিষ্যৎ সম্পর্ক নিয়ে আমাদের আলোচনা হয়েছে এবং কীভাবে দুপক্ষের জন্যই জরুরি, এমন বিষয় নিয়ে আমরা কাজ করতে পারি, সেটি নিয়েও কথা হয়েছে। নিরাপত্তা ও প্রতিরক্ষা সহযোগিতা, ব্যবসা সম্প্রসারণ, পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আগামী দিনগুলোতে বাংলাদেশের সঙ্গে আরও ঘনিষ্ঠভাবে কাজ করার কথা বলেছেন ঢাকায় যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস(স্বকণ্ঠে):  সামনের মাসগুলোয় আমাদের অভিন্ন স্বার্থ রক্ষার কাজ করা কিভাবে এগোতে পারে সেসব বিষয় নিয়ে আমরা কথা বলেছি। আর সেজন্য আমরা দীর্ঘ অধীর আগ্রহে অপেক্ষা করছি।(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৭.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# এনএইচকে

## জাপানের জিডিপি জার্মানির চাইতে পিছিয়ে বিশ্বে ৪র্থ স্থানে নেমে যেতে পারে

জার্মানির অর্থনীতি গত বছর নামমাত্র হিসাবে ৬ শতাংশের বেশি প্রবৃদ্ধি অর্জন করলে এরকম সম্ভাবনা বৃদ্ধি পেয়েছিল যে জাপানকে ছাড়িয়ে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে তা পরিণত হবে। জার্মান সরকার সোমবার ঘোষণা করেছে যে ২০২৩ সালে দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদন পূর্ববর্তী বছর থেকে ৬.৩ শতাংশ সম্প্রসারিত হয়ে ৪.১ ট্রিলিয়ন ইউরোর চাইতে বেশী পরিমাণ বা ৪.৫ ট্রিলিয়ন ডলারের কাছাকাছিতে দাঁড়ায়। সেপ্টেম্বর থেকে নয় মাস সময়ে জাপানের নামমাত্র জিডিপির পরিমাণ ছিল আনুমানিক ৩ ট্রিলিয়ন ডলার। জাপানের অর্থনীতির ডলারের হিসাবে ২০২৩ সালে জার্মানির অর্থনীতিকে ছাড়িয়ে যেতে হলে অক্টোবর-থেকে-ডিসেম্বর সময়ের জন্য দেশের ত্রৈমাসিক জিডিপি প্রায় ১৯০ ট্রিলিয়ন ইয়েন হওয়া দরকার।তবে ২০২২ সালের শেষ ত্রৈমাসিকে জাপানের নামমাত্র জিডিপি ছিল প্রায় ১৪৭ ট্রিলিয়ন ইয়েন। ফলে ২০২৩ সালের জন্য জাপানের জিডিপি জার্মানির চাইতে বেশি হওয়ার সম্ভাবনা কম বলে প্রতীয়মান হচ্ছে। ডলারের বিপরীতে ইয়েনের দুর্বলতার অর্থ হচ্ছে মুদ্রা বিনিময় হারের কারণে ডলারের হিসাবে জাপানের জিডিপি হবে নিম্ন মাত্রার। একই সময়ে মূল্য বৃদ্ধির ফলে জার্মানির জিডিপি সতেজ হয়ে উঠে। আন্তর্জাতিক মুদ্রা তহবিল ১৯৮০ সালে অর্থনীতির তুলনামূলক উপাত্ত প্রকাশ শুরু করে। প্রথমবারের মতো তখন বলা হয়েছিল যে

ডলারের হিসাবে জাপানের নামমাত্র জিডিপি হচ্ছে আমেরিকার পর দ্বিতীয় বৃহত্তম।চীনের অর্থনীতি ২০১০ সালে জাপানকে ছাড়িয়ে গেছে। তখন থেকে জাপানের অর্থনীতি হচ্ছে তৃতীয় বৃহত্তম।
(এনএইচকে ওয়েব পেজ: ১৭.০১.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### একতরফা ও ব্যয়বহুল নির্বাচন : টিআইবি

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে একপাক্ষিক ও পাতানো প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ মন্তব্য করে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) বলেছে, এটি দেশের গণতন্ত্র ও গণতান্ত্রিক নির্বাচনের ভবিষ্যতের জন্য অশনিসংকেত। আজ রাজধানীর ধানমন্ডিতে টিআইবির কার্যালয়ে `দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রক্রিয়া ট্র্যাকিং' শীর্ষক সংবাদ সম্মেলনে এসব কথা বলা হয়। এতে নির্বাচন নিয়ে পর্যবেক্ষণ তুলে ধরেন টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান। টিআইবি'র পক্ষ থেকে বলা হয়, এই নির্বাচনে প্রার্থীদের আওয়ামী লীগের শতভাগ প্রার্থী ন্যূনতম একবার হলেও আচরণবিধি ভঙ্গ করেছেন। অন্য দল ও স্বতন্ত্র প্রার্থীরাও খুব পিছিয়ে ছিলেন না এই প্রতিযোগিতা থেকে। প্রার্থীদের ৯৮ শতাংশই মানেননি নির্বাচনে ন্যূনতম ২৫ লাখ টাকার ব্যয়সীমা। দেশের ২৯৯টি নির্বাচনি আসনের মধ্যে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী এই সংস্থাটি ৫০টি আসনের তথ্য নিয়ে গবেষণা করেছে।
টিআইবির মতে, এই নির্বাচনের ফলে গণতান্ত্রিক অবনমনের অভিজ্ঞতা এবং নির্বাচনি কৌশল ও অভিনবত্ব বিবেচনায় বাংলাদেশ আন্তর্জাতিক টেস্ট কেস হিসেবে বিবেচিত হবে। টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান বলেন, ``ক্ষমতায় অব্যাহত থাকার কৌশল বাস্তবায়নের একতরফা নির্বাচন সাফল্যের সঙ্গে সম্পন্ন হয়েছে। নির্বাচনের আইনগত বৈধতা নিয়ে হয়তো কোনো চ্যালেঞ্জ হবে না, তবে এ সাফল্য রাজনৈতিক শুদ্ধাচার, গণতান্ত্রিক ও নৈতিকতার মানদণ্ডে চিরকাল প্রশ্নবিদ্ধ থাকবে। অবাধ, অংশগ্রহণমূলক, নিরপেক্ষ ও সমান প্রতিযোগিতার ক্ষেত্র নিশ্চিতের যে পূর্বশর্ত, তা দ্বাদশ সংসদ নির্বাচনে প্রতিপালিত হয়নি'', বলেন ইফতেখারুজ্জামান।
টিআইবির গবেষণা বলছে, নির্বাচনে প্রার্থীরা গড়ে এক কোটি ৫৬ লাখ ৮৩ হাজার ৭৭৭ টাকা করে খরচ করেছেন, যা ব্যয়সীমার ছয় গুণ। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সবচেয়ে `ব্যয়বহুল' উল্লেখ করে সংস্থাটি দাবি করেছে, এবারের নির্বাচন আয়োজনে ব্যয় হয়েছে দুই হাজার ২৭৬ কোটি টাকা। ২০১৮ সালে এই ব্যয় ছিল ৭০০ কোটি, ২০১৪ সালে ৩০০ কোটি টাকা ও ২০০৮ সালে ছিল ২০০ কোটি টাকা।
নির্বাচনকালীন সরকার ইস্যুতে দুই বড় দলের বিপরীতমুখী ও অনড় অবস্থানের কারণে অংশগ্রহণমূলক ও অবাধ নির্বাচন হয়নি বলে টিআইবি মনে করছে। সংস্থাটির মতে, বিপরীতমুখী ও অনড় অবস্থানকেন্দ্রিক এজেন্ডা বাস্তবায়নের লড়াইয়ে বাংলাদেশের গণতান্ত্রিক ভবিষ্যতের জিম্মিদশা প্রকটতর হয়েছে। টিআইবির মতে, নির্বাচন কমিশন একতরফা নির্বাচনের এজেন্ডা বাস্তবায়নের অন্যতম অনুঘটকের ভূমিকা পালন করেছে। অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বিশেষ করে আইনপ্রয়োগকারী সংস্থা এবং প্রশাসনও অনুরূপভাবে একই এজেন্ডার সহায়ক ভূমিকায় ব্যবহৃত হয়েছে। টিআইবি মনে করছে, সরকারের টানা চতুর্থ মেয়াদের সম্ভাব্য সাফল্য-ব্যর্থতা নিয়ে যতটুকু আগ্রহ থাকবে, তার চেয়ে অনেক বেশি প্রাসঙ্গিক হবে শুদ্ধাচার ও নৈতিকতার মানদণ্ডে সরকারের প্রতি জনআস্থা ও গ্রহণযোগ্যতার প্রশ্ন ও তার প্রভাব। দেশের গণতান্ত্রিক ও নির্বাচনি ভবিষ্যৎ নিয়ে উদ্বেগ ক্রমাগত গভীরতর হবে। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৭.১.২৪ রিহাব)

### `বাংলাদেশের সঙ্গে নিবিড়ভাবে কাজ করতে উন্মুখ যুক্তরাষ্ট্র,

নিরাপত্তা, প্রতিরক্ষা, ব্যবসার সম্প্রসারণ, রোহিঙ্গা সমস্যার সমাধান ও জলবায়ু পরিবর্তনে সহযোগিতার মাধ্যমে বাংলাদেশের সঙ্গে সম্পর্ক এগিয়ে নিতে চায় যুক্তরাষ্ট্র। আজ পররাষ্ট্র মন্ত্রণালয়ে নতুন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে ঢাকায় নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস সাংবাদিকদের এ কথা জানান। পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আলোচনার পর মার্কিন রাষ্ট্রদূত বলেন, ``নতুন পররাষ্ট্রমন্ত্রী হিসেবে আজ হাছান মাহমুদের সঙ্গে প্রথম দেখা করেছি। আমরা দুই দেশের সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে আলোচনা করেছি।,, পিটার হাস আরও বলেন, ``জলবায়ু পরিবর্তন, ব্যবসার সম্প্রসারণ ও রোহিঙ্গা সমস্যার মতো পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে আমরা আলোচনা করেছি। আগামী মাসগুলোয় দুই পক্ষের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আমি বাংলাদেশের সঙ্গে নিবিড়ভাবে কাজ করতে উন্মুখ হয়ে আছি।,, প্রথম আলোর এক প্রশ্নের উত্তরে মার্কিন রাষ্ট্রদূত বলেন, পারস্পরিক অভিন্ন স্বার্থে নিরাপত্তা ও প্রতিরক্ষা সহযোগিতার বিষয়ে আলোচনা হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৭.১.২৪ রিহাব)

### ঘরে ও কলকারখানায় তীব্র গ্যাস সংকট

এই শীতে বাংলাদেশে গ্যাস সংকট তীব্র হয়েছে। শুধু ঢাকায় নয়, প্রায় পুরো দেশে। ঘরে রান্নার কাজে যেমন গ্যাস পাওয়া যাচ্ছে না, তেমনি গ্যাসের অভাবে শিল্প উৎপাদনও ব্যাহত হচ্ছে। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ এটাকে `সাময়িক সংকট' বললেও জ্বালানি বিশেষজ্ঞরা বলছেন, সহসা এই সংকট দূর হওয়ার সম্ভাবনা কম। পেট্রোবাংলার তথ্য অনুযায়ী, দৈনিক প্রায় ৪১০ কোটি ঘনফুট গ্যাস চাহিদার বিপরীতে সব বিতরণ কোম্পানি মিলে

এখন গ্রাহক পর্যায়ে সরবরাহ করছে সর্বোচ্চ ২৫০ কোটি ঘনফুট গ্যাস। ৩০০ কোটি ঘনফুট গ্যাস পাওয়া গেলেও বড় ধরনের সংসকট হয় না।

বাংলাদেশে গ্যাস ক্ষেত্র থেকে উৎপাদিত ও আমদানি করা এলএনজি দিয়ে চাহিদা মেটানো হয়। আর গ্যাস গৃহস্থালির রান্না, শিল্প কারখানা এবং বিদ্যুৎ উৎপাদনে ব্যবহার করা হয়। গত এক মাস ধরে একদিকে আমদানি করা এলএনজির সরবরাহ যেমন কমেছে, অন্যদিকে দেশের গ্যাসক্ষেত্রগুলো থেকে উৎপাদনও কমেছে। আমদানি করা এলএনজি দিয়ে এতদিন দৈনিক ৭০ থেকে ৯০ কোটি ঘনফুট গ্যাস জাতীয় গ্রিডে যুক্ত হলেও এখন তা দৈনিক ৫০ কোটি ঘনফুটে নেমে এসেছে। পাশাপাশি দেশের গ্যাসক্ষেত্র থেকে উত্তোলনও দৈনিক ১০ থেকে ১২ কোটি ঘনফুট কমে গেছে। এলএনজির দুইটি ভাসমান টার্মিনালের একটি এখন রক্ষণাবেক্ষণের কাজে বন্ধ। আর গ্যাস কুপগুলোতে রক্ষণাবেক্ষনের কাজ চলছে বলে পেট্রোবাংলা দাবি করেছে।

গ্যাস সংকটের কারণে শিল্প উৎপাদন বিশেষ করে তৈরি পোশাক শিল্প সংকটের মুখে আছে। বিজিএমইএর ভাইস প্রেসিডেন্ট শহীদুল্লাহ আজিম বলেন, "কোনো কোনো কারখানার উৎপাদন ৩০ ভাগে নেমে এসেছে। ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জসহ সব খানেই গ্যাস সংকট। আমরা এটা নিয়ে মন্ত্রণালয়ে বার বার কথা বলেছি। কিন্তু মার্চের আগে এই সমস্যার সমাধান হবে না বলে জানানো হয়েছে। তারপরও আমরা তরল গ্যাস কিনে উৎপাদন ও সরবরাহ ঠিক রাখার চেষ্টা করছি। কিন্তু উৎপাদন খরচ বেড়ে যাচ্ছে,„ বলেন বিজিএমইএর ভাইস প্রেসিডেন্ট।

চট্টগ্রামের প্যাসিফিক জিন্সের সাইয়েদ মোহাম্মদ তানভীর জানান, তারা এখন তীব্র গ্যস সংকটে ভুগছেন। উৎপাদন কমে গেছে, ক্রেতাদের কীভাবে সামলাবেন সেই চিন্তায় আছেন। নারায়ণগঞ্জ এলাকার পোশাক কারখানাগুলো গ্যাসের অভাবে সবচেয়ে বেশি সংকটে আছে। সেখানকার অধিকাংশই নিট গার্মেন্টস। এছাড়া অন্যান্য শিল্প কারাখানাও সংকটে আছে। আধুনিক পেপার মিলের জেনারেল ম্যানেজার সাইফুল ইসলাম জানান, তারা ক্যাপাসিটির অর্ধেকও উৎপাদন করতে পারছেন না গত ১৫ দিন ধরে।

ঢাকার প্রায় সব এলাকায়ই এখন রান্নার গ্যাসের সংকট চলছে। অভিজাত এলাকায় গ্যাস পাওয়া গেলেও সকাল আটটা থেকে রাত আটটা পর্যন্ত গ্যাসের চাপ কম থাকে। এছাড়া অনেক এলাকা আছে যেখানে দিনের বেলায় গ্যাসই থাকে না। মিরপুরের জেসমিন লিপি বলেন, "সকাল ৮ টায় গ্যাস চলে যায়, আসে রাত ১১টায়। রান্নাবান্না রাতেই করতে হয়। তারপরও আমি দিনে রান্না করা ও পানি গরম করার জন্য ইলেকট্রিক চুলা কিনে নিয়েছি। আমার পরিচিত আরো অনেকে ইলেকেট্রিক চুলা কিনেছেন।„শেখ আব্দুস সাত্তার লিমন থাকেন কামরাঙ্গিরচর এলকায় । তিনি জানান, "আমাদের এলাকায় রাত ২টার পর গ্যাস আসে। আবার ভোর রাতে চলে যায়। সারাদিনের রান্নাবান্না গভীর রাতেই করে রাখতে হয়। ফলে ঘুমানোও আর হয় না।„ তিনি বলেন," আমি সহ অনেকে বিকল্প হিসেবে সিলিন্ডার গ্যাস ব্যবহার করলেও তারও এখন সংকট শুরু হয়েছে। দাম বেড়ে যাচ্ছে।„ মিরপুর ও কামরাঙ্গিরচর ছাড়াও যাত্রাবাড়ি, সায়েদাবাদ, শান্তিনগর, মহাখালি, খিলগাঁও, গোলাপবাগসহ আরো অনেক এলাকায় এখন গ্যাসের দেখা মেলাই ভার। চট্টগ্রামেরও একই অবস্থা বলে জানান, চট্টগ্রামের বাসিন্দা মোহাম্মদ হামিদুল্লাহ। তিনি বলেন, বৃহত্তর বাকলিয়া এলাকায় ১৫-২০ লাখ মানুষের বসবাস। ওই এলাকায় গ্যাস এখন থাকে না বললেই চলে।

মঙ্গলবার সচিবালয়ে এক প্রেস ব্রিফিংয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেন, ``বর্তমান গ্যাস সংকট সাময়িক। ঢাকাসহ বিভিন্ন এলাকায় বর্তমানে যে গ্যাস সংকট চলছে, আগামী মার্চে রোজার আগেই তা কমবে।„ তিনি বলেন, "আমরা নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের একটা টাইমলাইন ঠিক করে ফেলেছি। ২০২৬ সালের মধ্যে বাংলাদেশে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ থাকবে। এখন আমরা মাত্র ২০ শতাংশ গ্যাস বিদেশ থেকে আমদানি করি। ৮০ শতাংশ নিজস্ব গ্যাস ব্যবহার করছি।„

আর পেট্রোবাংলার পরিচালক মো. কামরুজ্জামান খান ডয়চে ভেলেকে বলেন, ``আমাদের দুইটি ভাসামান এলএনজি টার্মিনালের একটি গত এক মাস ধরে মেরামতের জন্য সিঙ্গাপুরে ছিল। সে কারণে সরবরাহ ৫০ কোটি ঘনফুট কম ছিল। মেরামতের পর সেটি চলে এসেছে। দুই-এক দিনের মধ্যেই গ্রিডে প্রতিদিন ৫০ কোটি ঘনফুট গ্যাস যুক্ত হবে। এর ক্যাপাসিটি বাড়িয়ে ৬০ কোটি ঘনফুট করা হয়েছে। অন্যটির ক্যাপাসিটিও বাড়ানো হবে। আর কিছু কূপ পর্যায়ক্রমে রক্ষণাবেক্ষণে থাকে। মার্চে গ্যাস সংকট কেটে যাবে।„

তবে এনার্জি রেগুলেটরি কমিশনের সাবেক সদস্য জ্বালানি বিশেষজ্ঞ মকবুল ই ইলাহী চৌধুরী বলেন, "যে প্রক্রিয়ায় চলছে তাতে গ্যাস সংকট কাটবে না। এর সঙ্গে যুক্তরা আমদানির ওপর জোর দিচ্ছেন। কারণ, আমদানি করলে তাদের নানা সুবিধা। ব্যবসায়ীদের সুবিধা। আর আমদানির ওপর নির্ভর করা হলে সংকট হবেই। আজকে ইউক্রেন যুদ্ধ। কালকে আরেকটি সমস্যা হবেই। জ্বালানি খাতে সয়ংসম্পূর্ণ হতে না পারা একটি দেশের জন্য ঝুঁকিপূর্ণ। আমাদের গ্যাস থাকার পরও তা উত্তোলনের ব্যবস্থা নেয়া হচ্ছে না। আবার যে কুপগুলো আছে সেগুলো ঠিকমতো রক্ষণাবেক্ষণও করা হচ্ছে না। তাহলেও উৎপাদন বাড়ত। গ্যাস না থাকলে বিদ্যুতেরও সংকট হয়। গ্যাস ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র বসে থাকে। এই শীতে গ্যাস সংকটের কারণে আমাদের শিল্প উৎপাদন ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে। প্রচুর

ক্ষতির মুখে পড়ছে অর্থনীতি,„ বলেন তিনি। তার কথা ,” পেট্রোবাংলা দাবি করছে, তারা ৪৬টি কুপ খনন করেছে। এটা আসলে অসত্য তথ্য। তারা মেরামতের কাজকেও খনন হিসেবে দেখিয়েছে। বাস্তবে তারা ১৭টি কুপ খনন করেছে। তারা না পারলে অন্যদের সুযোগ দেয়া উচিত।„(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৭.১.২৪ রিহাব)

## রেডিও টুডে

### আজ রাত থেকে দুই দিন দেশের পাঁচ বিভাগে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর

বেশ কিছুদিন ধরে দেশজুড়ে কুয়াশাচ্ছন্ন ও কনকনে শীতল পরিবেশ বিরাজ করছে। কোন কোন অঞ্চলে টানা সাত দিনেও মেলেনি সূর্যের দেখা। তবে আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, বুধবার রাত থেকে আগামী শুক্রবার পর্যন্ত দেশের পাঁচ বিভাগে বৃষ্টি হতে পারে। বৃষ্টির পর মেঘ ও কুয়াশা পরিষ্কার হয়ে গেলে মিলবে সূর্যের দেখা। আবহাওয়ার পূর্বাভাসে আরো বলা হয়, বুধবার খুলনা বিভাগের দুই/এক জায়গায় গুড়ি গুড়ি বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সেইসঙ্গে রাত থেকে সকাল পর্যন্ত সারাদেশে মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে। তবে এটি কোথাও কোথাও দুপুর পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
(রেডিও টুডে : ০৮৪৫ ঘ. ১৭.০১.২৪ এলিনা)

### পাটুরিয়া-দৌলতদিয়া নৌরুটে ফেরি ডুবির ঘটনায় নিখোঁজ রয়েছেন একজন

মানিকগঞ্জের পাটুরিয়া- দৌলতদিয়া নৌরুটে তীরে ভেড়ার সময় রজনীগন্ধা নামের একটি ফেরি ডুবির ঘটনা ঘটেছে। বুধবার সকাল সাড়ে আটটার দিকে পাটুরিয়া ৫ নম্বর ঘাটের কাছে এই দুর্ঘটনা ঘটে। আরিচা ফায়ার স্টেশনের ডুবুরি ইউনিট উদ্ধারে কাজ করছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ২০ জনকে জীবিত উদ্ধার করা হয়েছে। তবে এই ঘটনায় এখনো পর্যন্ত একজনের নিখোঁজের খবর পাওয়া গেছে। তবে তাৎক্ষণিকভাবে তাদের কারো নাম-পরিচয় জানা যায়নি। মানিকগঞ্জের জেলা প্রশাসক রেহেনা আক্তার জানান, উদ্ধারকৃতদের অনেকে সাঁতরে কূলে এসেছেন আর বাকিদের ফায়ার সার্ভিস উদ্ধার করেছে। জানা গেছে মঙ্গলবার রাত একটার দিকে রাজবাড়ীর দৌলতদিয়া ফেরিঘাট থেকে সাতটি ছোট ট্রাক ও দুইটি বড় ট্রাক নিয়ে পাটুরিয়া ঘাটের উদ্দেশ্যে ছেড়ে আসে রজনীগন্ধা ফেরি। তবে ঘন কুয়াশায় পথ দেখতে না পেয়ে মাঝ নদীতে আটকে ছিল অনেকক্ষণ। পরে কুয়াশা কেটে গেলে তীরে ফেরার সময় সকাল সাড়ে আটটার দিকে ৫ নম্বর ঘাটের কাছে বাল্কহেডের ধাক্কায় ডুবে যায়। এই ঘটনায় এখনো পর্যন্ত হতাহতের কোনো খবর পাওয়া যায়নি। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৭.০১.২৪ এলিনা)

### পদ্মায় ডুবে যাওয়া ফেরি উদ্ধার অভিযানে কাজ চলছে : নৌপরিবহন প্রতিমন্ত্রী

ফেরি ডুবে যাওয়ার ঘটনায় ৫ সদস্যের তদন্ত কমিটি ঘটেছে গঠন করেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন বিআইডব্লিউটিসি। আগামী পাঁচ দিনের মধ্যে কমিটিকে প্রতিবেদন দিতে বলা হয়েছে। বুধবার সকাল দশটার পর সচিবালয়ে নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, পাটুরিয়া- দৌলতদিয়া নৌরুটে পদ্মায় ডুবে যাওয়া ফেরি উদ্ধার অভিযানে কাজ চলছে। হামজা দিয়ে ফেরিতে থাকা ডুবে যাওয়া ট্রাকগুলো উদ্ধারের চেষ্টা করা হচ্ছে। আর প্রত্যয় দিয়ে ফেরিটি উদ্ধার কাজ শুরু হবে। এক প্রশ্নের জবাবে নৌ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, তদন্ত প্রতিবেদন ছাড়া মানিকগঞ্জের পদ্মায় পাটুরিয়া- দৌলতদিয়া নৌ রুটের মাঝ নদীতে ফেরি ঘটনার কারণ বলা যাবে না। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৭.০১.২৪ এলিনা)

### সোয়া সাত ঘন্টা বন্ধ থাকার পর দৌলতদিয়া- পাটুরিয়া নৌ রুটে ফিরে চলাচল স্বাভাবিক হয়েছে

ঘন কুয়াশার কারণে সোয়া সাত ঘণ্টা বন্ধ থাকার পর দৌলতদিয়া- পাটুরিয়া নৌ রুটে ফেরি চলাচল শুরু হয়েছে। বুধবার সকাল পৌনে নয়টার দিকে পদ্মায় কুয়াশার ঘনত্ব কমে এলে পুনরায় এই নৌপথে ফেরি চলাচল শুরু হয়। এর আগে মঙ্গলবার দিবাগত রাত দেড়টার দিকে পদ্মা নদীতে কুয়াশার ঘনত্ব বেড়ে গেলে নৌ দূর্ঘটনায় এড়াতে ফেরি চলাচল বন্ধ ঘোষণা করে ঘাট কর্তৃপক্ষ। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৭.০১.২৪ এলিনা)

### জনগোষ্ঠীর জন্য মাছ, মাংস ও ডিম ন্যায্য মূল্যে বিক্রি করা হবে : মোঃ আব্দুর রহমান

প্রান্তিক জনগোষ্ঠীর জন্য রমজানকে সামনে রেখে মাছ, মাংস ও ডিম ন্যায্য মূল্যে বিক্রি হবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মোঃ আব্দুর রহমান। বুধবার দুপুরে মন্ত্রণালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, দ্রব্যমূল্য নিয়ে সরকার উদ্বিগ্ন। সম্পূর্ণই উৎপাদন এবং মজুদ পরিস্থিতি স্বাভাবিক। এরপরও দাম বেশি কেন, সেটি খতিয়ে দেখা হচ্ছে। মাছ, মাংস ডিমের মূল্য কেন বেশি, এসব কেন মানুষের ক্রয় ক্ষমতার বাইরে তা খতিয়ে দেখার ব্যবস্থা নেওয়া হবে। তিনি আরো বলেন, রমজানকে সামনে রেখে সরকার ভর্তুকি দিয়ে নিম্ন আয়ের মানুষের কাছে সাশ্রয়ী মূল্যে এসব পণ্য পৌঁছে দেওয়ার ব্যবস্থা করবে। রমজানের কয়েকদিন আগে থেকেই এই কার্যক্রম শুরু হবে। বস্তি এলাকা এবং কিছুটা দরিদ্র প্রবণ এলাকায় এই কার্যক্রম চলবে।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৭.০১.২৪ এলিনা)

## দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন একপাক্ষিক ও পাতানো : টিআইবি

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন একপাক্ষিক ও পাতানো। যেটি অবাধ ও অন্তর্ভুক্তিমূলক হয়নি বলে দাবি করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ টিআইবি। বুধবার রাজধানীর ধানমন্ডির সংস্থাটির কার্যালয়ে টিআইবি আয়োজিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রক্রিয়া ট্রাকিং শীর্ষক প্রতিবেদন এই তথ্য প্রকাশ করা হয়। সংস্থাটির মতে, নির্বাচন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এবং অংশগ্রহণমূলক দেখাতে নিজ দলীয় স্বতন্ত্র প্রার্থী দিয়ে নির্বাচন করলেও বেশিরভাগ আসনে নির্বাচন প্রতিদ্বন্দ্বিতা হয়নি। টিআইবি বলছে, নির্বাচনের এমন প্রক্রিয়া গণতন্ত্রের জন্য অশনি সংকেত। গবেষণা প্রতিবেদনে বলা হয়, সারা দেশে অধিকাংশ ভোটকেন্দ্রে আওয়ামী লীগ এবং স্বতন্ত্র প্রার্থী ছাড়া অন্য দলের প্রার্থীদের পোলিং এজেন্ট ছিল না। প্রতিপক্ষের প্রার্থীদের এজেন্টদের হুমকির মাধ্যমে কেন্দ্রে প্রবেশ করা থেকে বিরত রাখা হয়। সংস্থাটি আরো দাবি করে, ভোটের দিন সল্প ভোটারদের আগমন এবং ডামি লাইন তৈরি করে বিভিন্ন আসনে অন্য দলের প্রার্থীর এজেন্ট বের করে দেওয়া হয়। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৭.০১.২৪ এলিনা)

## কোন কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ পেলে ছাড় দেওয়া হবে না : জুনায়েদ আহমেদ পলক

বাংলাদেশ টেলি কমিউনিকেশন কোম্পানি লিমিটেড বিটিসিএল এর কোন কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ পেলে তাকে ছাড় দেওয়া হবে না বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক। এজন্য সবাইকে জবাবদিহিতার আওতায় আসার বিষয়েও সতর্ক করেছেন তিনি। তিনি বলেন, সততার প্রশ্নে জিরো টলারেন্স। সকালে রাজধানীর ইস্কাটন গার্ডেনে বিটিসিএল এর কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় কালে এসব কথা বলেন তিনি। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৭.০১.২৪ এলিনা)

## জিয়াউর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষ্যে দুই দিনের নতুন কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি

দুইদিনের নতুন কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। দলের প্রতিষ্ঠাতা সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষ্যে এই কর্মসূচি দেওয়া হয়েছে বিএনপি'র পক্ষ থেকে। সকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে কর্মসূচির ঘোষণা দেন দলটি সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সংবাদ সম্মেলনে তিনি জানান, দিবসটি উপলক্ষ্যে দলের কেন্দ্রীয় কার্যালয়সহ দেশব্যাপি বিএনপির কার্যালয়গুলোতে দলীয় পতাকা উত্তোলন করা হবে। পাশাপাশি আগামীকাল বৃহস্পতিবার দুপুরে রমনার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে বিএনপি'র উদ্যোগে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৭.০১.২৪ এলিনা)

## আদালত অবমাননার মামলায় নুরুল হক নূরের শুনানির দিন ধার্য করা হয়েছে ১৫ই ফেব্রুয়ারি

বিচারকদের নিয়ে আপত্তিকর বক্তব্য দেওয়ায় আদালত অবমাননার মামলায় গণঅধিকার পরিষদের একাংশের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নূরের বিরুদ্ধে শুনানির জন্য আগামী ১৫ই ফেব্রুয়ারি দিন ধার্য করেছেন আদালত। বুধবার বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি রাজিক আল জলিলের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই দিন ধার্য করেন। ঐদিন ফের হাইকোর্টে হাজির হতে হবে ভিপি নূরকে। এর আগে বুধবার সকালে বিচারকদের নিয়ে আপত্তিকর বক্তব্য দেওয়া আদালত অবমাননার মামলায় ব্যাখ্যা দিতে হাইকোর্টের তলবে হাজির হন নূর।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৭.০১.২৪ এলিনা)

## হিজবুত তাহেরীরের শীর্ষ নেতা আহমেদ নিজাম গ্রেফতার

নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিজবুত তাহরীরের শীর্ষ নেতা আহমেদ নিজামকে রাজধানীর কোতোয়ালি এলাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে। সকালে র‍্যাব-২ এর সিনিয়র সহকারী পরিচালক শিহাব করিম এই তথ্য জানান। তিনি বলেন, চারটি সন্ত্রাস বিরোধী আইনে মামলা ও একটি পুলিশ অ্যাসল্ট মামলা এবং খিলগাঁও থানার মামলায় দুই বছরের সাজা প্রাপ্ত পলাতক আসামি ছিলেন জঙ্গি আহমেদ নিজাম। তিনি দীর্ঘদিন ধরে থেকে আত্মগোপনে থেকে আইনশৃঙ্খলা বাহিনীর নজর এড়িয়ে চলেছেন। আত্মগোপনে থেকে জঙ্গি সংগঠনের কার্যক্রম অব্যাহত রাখেন তিনি।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১৭.০১.২৪ এলিনা)

## বিভিন্ন বিষয়ে বাংলাদেশের সঙ্গে সম্পর্ক আরো এগিয়ে নিতে চায় যুক্তরাষ্ট্র : পিটার হাস

নিরাপত্তা, প্রতিরক্ষা, ব্যবসার সম্প্রসারণ, রোহিঙ্গা সমস্যার সমাধান ও জলবায়ু পরিবর্তনে সহযোগিতার মাধ্যমে বাংলাদেশের সঙ্গে সম্পর্ক এগিয়ে নিতে চায় যুক্তরাষ্ট্র। বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে নতুন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস সাংবাদিকদের একথা বলেন। মার্কিন রাষ্ট্রদূত জানান নতুন পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে প্রথম দেখা করেছি। আমরা দুই দেশের সম্পর্কের ভবিষ্যৎ নিয়ে আলোচনা করেছি। আগামী মাস গুলোতে আমি বাংলাদেশ সঙ্গে নিবিড়ভাবে কাজ করতে উন্মুখ হয়ে আছি।
(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৭.০১.২০২৪ আসাদ)

**মার্কিন রাষ্ট্রদূতের সঙ্গে ফলপ্রসূ আলোচনা হয়েছে : পররাষ্ট্রমন্ত্রী**

মার্কিন রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকের পর পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ জানিয়েছেন উভয় দেশের সম্পর্ক এগিয়ে নিতে ও পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে ঘনিষ্ঠভাবে কাজ করতে তারা ফলপ্রসূ আলোচনা করেছেন। এ সময় তিনি জানান মার্কিন রাষ্ট্রদূত নির্বাচন নিয়ে নিজ থেকে কোন প্রশ্নের অবতারণা করেননি। একইদিন পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৭.০১.২০২৪ আসাদ)

**দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ ও নিরপেক্ষ হয়েছে : ওবায়দুল কাদের**

বিএনপিকে উদ্দেশ্য করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন যাকে নিয়ে আমাদের কত রং দেখালেন, জাদুই না দেখালেন সেই পিটার হাস সরকারকে অভিনন্দন জানিয়েছেন। এখন কাকে নিয়ে খেলবেন? বিকেলে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয় এসব কথা বলেন ওবায়দুল কাদের। এ সময় নিষেধাজ্ঞার জন্য বিএনপিকে কেয়ামত পর্যন্ত অপেক্ষা করার পরামর্শ দিয়েছেন তিনি। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক আরও বলেছেন দ্বাদশ সংসদ নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়েছে। এটি পাতানো ছিল না।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৭.০১.২০২৪ আসাদ)

**দেশের ব্যবসা-বাণিজ্যে এক নম্বর সমস্যা দুর্নীতি : সিপিডি**

দেশের ব্যবসা-বাণিজ্যে এক নম্বর সমস্যা দুর্নীতি। প্রায় ৬৮ শতাংশ ব্যবসায়ী উচ্চ মাত্রার দুর্নীতি এই সমস্যাকে এক নম্বর হিসেবে চিহ্নিত করেছেন। দ্বিতীয় স্থানে আছে অদক্ষ আমলাতন্ত্র। বুধবার বাংলাদেশ ব্যবসায় পরিবেশ-২০২৩ এর উদ্যোক্তা জরিপের ফলাফল প্রকাশ করেছে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগ সিপিডি। এ উপলক্ষ্যে ধানমন্ডির সিপিডির কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে প্রতিবেদনের বিভিন্ন দিক তুলে ধরেন সিপিডির গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৭.০১.২০২৪ আসাদ)

**দেশে বর্তমানে ৬৪৮ জন শপথ নেওয়া এমপি রয়েছেন : রিজভী**

দেশে এই মুহূর্তে একাদশ সংসদের ৩৫০ জন আর দ্বাদশ সংসদের ২৯৮ জনসহ মোট ৬৪৮ জন শপথবদ্ধ এমপি রয়েছেন। এটি সাংবাদিকভাবে অবৈধ। সকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপি'র কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন রিজভী। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৭.০১.২০২৪ আসাদ)

**মির্জা ফখরুলকে এক মামলায় ও আমির খসরুকে দুই মামলায় জামিন দিয়েছেন আদালত**

রাজধানীর পল্টন থানায় নাশকতার অভিযোগে দায়ের করা একটি মামলায় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং দুই মামলায় দলটির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরীর জামিন মঞ্জুর করেছেন আদালত। বুধবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট তাহমিনা হকের আদালত শুনানি শেষে এই আদেশ দেন।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৭.০১.২০২৪ আসাদ)

**বেশি পুরনো এবং ওভারলোড থাকার কারণেই পাটুরিয়ায় ফেরি ডুবির ঘটনা ঘটেছে : নৌ পুলিশ**

নৌ পুলিশ জানিয়েছে পাটুরিয়ায় যে ফেরি ডুবির ঘটনা ঘটেছে সেটি বাল্ক হেডের ধাক্কায় নয় বেশি পুরনো হওয়ায় এবং ওভারলোড থাকায় রজনীগন্ধা ফেরিটি ডুবে গেছে। এই ফেরি ডুবে যাওয়ার ঘটনায় পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন বিআইডব্লিউটিসি।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৭.০১.২০২৪ আসাদ)

**নতুন মুদ্রা নীতি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক**

বাজারে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ প্রাধান্য দিয়ে ২০২৩-২৪ অর্থবছরের শেষ ছয় মাসের মুদ্রানীতি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। বুধবার বিকেলে বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এই মুদ্রানীতি ঘোষণা করেন। নতুন মুদ্রানীতিতে কেন্দ্রীয় ব্যাংক পলিসি রেট বা রেপু রেট বাড়িয়ে ২৫ ব্যাসেস পয়েন্ট বাড়িয়ে ৮ শতাংশ করেছে। (রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৭.০১.২০২৪ আসাদ)

## জাগো এফএম

### রমজানে প্রান্তিক জনগোষ্ঠীর জন্য ন্যায্যমূল্যে মাছ-মাংস বিক্রি হবে : মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী

রমজানকে সামনে রেখে চাল ডালের মতো প্রান্তিক জনগোষ্ঠীর জন্য মাছ, মাংস ও ডিম ন্যায্যমূল্যে বিক্রি হবে বলে মন্তব্য করেন মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী মোঃ আব্দুর রহমান। আজ বুধবার সোয়া ১২টায় মন্ত্রণালয়ে নিজ দফতরে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। তিনি বলেন, 'দ্রব্যমূল্য নিয়ে সরকার উদ্বিগ্ন। সব পণ্যই উৎপাদন এবং মজুত পরিস্থিতি স্বাভাবিক। এরপরও দাম বেশি কেন, সেটি খতিয়ে দেখা হচ্ছে। মাংস ডিম এবং মাছের মূল্য কেন বেশি, এসব কেন মানুষের ক্রয় ক্ষমতার বাইরে, তা খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।' মন্ত্রী বলেন, 'রমজানকে সামনে রেখে ভর্তুকি দিয়ে নিম্ন আয়ের মানুষের কাছে সাশ্রয়ী মূল্যে এসব পণ্য পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হবে। রমজানের কয়েকদিন আগে থেকেই এ কার্যক্রম শুরু হবে। বস্তি এলাকা এবং কিছুটা দরিদ্রপ্রবণ এলাকায় এ কার্যক্রম চলবে।' তিনি বলেন, 'যারা সিন্ডিকেট করে ডিমসহ বিভিন্ন পণ্যের মূল্য বাড়াচ্ছে তাদের কোনো ছাড় দেওয়া হবে না। কোথায় কীভাবে কারসাজি হয় সেটি চিহ্নিত করে ব্যবস্থা নেওয়া হবে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। সিন্ডিকেটের বিরুদ্ধে জনসচেতনতাও বাড়াতে হবে।' গরু ছাগলে বাংলাদেশ স্বয়ংসম্পূর্ণ হওয়ায় সীমান্ত পথে তা দেশে প্রবেশ কমার ফলে সীমান্তে হত্যা কমেছে বলেও জানান তিনি। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

### নোঙর করা ফেরিকে ধাক্কা দিয়েছে বাল্কহেড : নৌপরিবহন প্রতিমন্ত্রী

মানিকগঞ্জের পাটুরিয়া ফেরিঘাটের কাছে নোঙর করা ফেরি রজনীগন্ধাকে বাল্কহেড ধাক্কা দেওয়ায় দুর্ঘটনা ঘটেছে বলে জানিয়েছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। আজ বুধবার সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রী এ কথা বলেন। বুধবার সকাল সাড়ে ৮টার দিকে বাল্কহেডের ধাক্কায় রজনীগন্ধা নামে ইউটিলিটি ফেরি ডুবে যায়। ওই ফেরিতে নয়টি ট্রাক ছিল। নৌ প্রতিমন্ত্রী বলেন, `প্রাথমিকভাবে আমাকে জানানো হয়েছে, ফেরিটি ঘাট থেকে খুব কাছাকাছি নোঙর করা ছিল, বাল্কহেড সেটিকে ধাক্কা দিয়েছে। এখানে দুর্বলতা কিংবা অন্যকোনো ঘটনা আছে কি না সেটি তদন্ত প্রতিবেদন পাওয়া ছাড়া বলা যাবে না।, প্রতিমন্ত্রী বলেন, `সচিব ঘটনাস্থলে রয়েছেন, সেখান থেকে তিনি ব্যবস্থা নিচ্ছেন। তার সঙ্গে আমার কথা হয়েছে। তিনি ঘটনাস্থলে থেকে যে সিদ্ধান্তগুলো নেওয়ার দরকার সেগুলো তিনি নেবেন।, খালিদ মাহমুদ বলেন, `বাল্ক হেডগুলো খুবই বিপদজনক, সড়কে যেমন নসিমন, করিমন, ভটভটি।, (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

### ঘুস-দুর্নীতিতে জড়ালে সংশোধন নয়, কঠোর শাস্তি : তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী

সততার প্রশ্নে জিরো টলারেন্স নীতির কথা স্মরণ করিয়ে দিয়ে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেছেন, 'কারো বিরুদ্ধে ঘুস-দুর্নীতিতে জড়ানোর অভিযোগ পেলে সংশোধনের কোনো সুযোগ দেওয়া হবে না। কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। ক্রয় প্রক্রিয়ায় অনিয়ম হলেও শাস্তি দেওয়া হবে। আজ থেকেই এ নীতি অনুসরণ শুরু হবে।' আজ বুধবার সকালে বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড, বিটিসিএল এর কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় সভায় তিনি এসব কথা বলেন। জুনাইদ আহমেদ পলক বলেন, 'কোনো কিছু গোপন করা যাবে না। যে কোনো সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে তা প্রকাশ করতে হবে। অভিযোগ ও পরামর্শ পাওয়ার একটি সুষ্ঠু সিস্টেম তৈরি করতে হবে।' তিনি বলেন, 'স্মার্ট বিটিসিএল গড়ে তুলতে ৩০ জুনের মধ্যে আয়ের লাভজনক উৎস বাড়াতে হবে। যেগুলোতে লাভ নেই, সেগুলো বন্ধ করে দেওয়া হবে। যেখানে অপচয় হচ্ছে তা কমাতে না পারলে অবশ্যই বন্ধ করতে হবে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

### সব আবাসিক ও বাণিজ্যিক ভবন ভূমিকম্প সহনীয় করতে হবে : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী

দেশের সব আবাসিক ও বাণিজ্যিক ভবন ভূমিকম্প সহনীয় হিসেবে নির্মাণ করতে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করা হবে বলে জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী মোঃ মহিববুর রহমান। তিনি বলেন, 'বাংলাদেশ অত্যন্ত ভূমিকম্প ঝুঁকিতে রয়েছে। কিন্তু অবকাঠামো ভূমিকম্প সহনীয় পর্যায়ে নেই। তাই আমাদের সক্ষমতা বাড়াতে কাজ করতে হবে। সরকারের কাছে প্রস্তাব করবো যেন দেশের সব ভবন ভূমিকম্প সহনীয় থাকে।' আজ বুধবার দুপুরে রাজধানীর মহাখালীতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদফতরের সভাকক্ষে এক মত বিনিময় সভায় তিনি এসব কথা বলেন। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসেবে তিনি দায়িত্ব নেওয়ায় এ মত বিনিময় সভার আয়োজন করে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদফতর। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সারা পৃথিবীতে আলোচিত প্রতিষ্ঠান উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, 'বাংলাদেশে এ মন্ত্রণালয়ের গুরুত্ব অপরিসীম। আমরা সুনাম রক্ষায় ঐক্যবদ্ধভাবে কাজ করবো। বন্যা, ঘূর্ণিঝড়ে ক্ষয়ক্ষতি কমানো আমাদের লক্ষ্য।' তিনি বলেন, 'আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহার বাস্তবায়ন করতে হবে। প্রধানমন্ত্রীর চাওয়া ও স্বপ্ন বাস্তবায়ন করতে হবে। আমি আমার মন্ত্রণালয়ের সবাইকে একসঙ্গে নিয়ে নিজেদের যোগ্যতা প্রমাণ করবো। মানুষ কীভাবে ভালো থাকবে সে লক্ষ্যে কাজ করবো। আমরা স্মার্ট সোনার বাংলা গড়ে তুলবো।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

## সম্পর্ক এগিয়ে নেওয়ার প্রত্যাশা পিটার হাসের

বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের সম্পর্ককে আরো এগিয়ে নিতে ভবিষ্যতে একসঙ্গে কাজ করবেন বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস। আজ বুধবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে নতুন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠক শেষে তিনি জানান, বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের সম্পর্ককে এগিয়ে নিতে কাজ করার বিষয়ে আলোচনা হয়েছে। বৈঠক শেষে পিটার হাস সাংবাদিকদের বলেন, 'আজ বাংলাদেশের নতুন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে আমার বৈঠক হয়েছে। আজ তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছি, যাতে আমরা বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের ভবিষ্যৎ নিয়ে আলোচনা করতে পারি।' বৈঠকে দুই দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ নিয়েও কথা হয়েছে বলে জানান মার্কিন রাষ্ট্রদূত। তিনি বলেন, 'পারস্পরিক গুরুত্বপূর্ণ ইস্যুগুলোতে আমরা কীভাবে কাজ করবো, তা নিয়েও কথা হয়েছে। যেমন জলবায়ু পরিবর্তন, ব্যবসায়িক সুযোগ-সুবিধা বাড়ানো ও রোহিঙ্গা সংকট। সম্পর্ক আরো এগিয়ে নিতে ভবিষ্যতে আমরা একসঙ্গে কাজ করবো।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

## জিয়াউর রহমানের জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিএনপির ২ দিনের কর্মসূচি

বিএনপির প্রতিষ্ঠাতা প্রয়াত জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। আজ বুধবার সকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে কর্মসূচির ঘোষণা দেন দলটির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। কর্মসূচির মধ্যে রয়েছে, দলের কেন্দ্রীয় কার্যালয়সহ দেশব্যাপী দলীয় কার্যালয়গুলোতে দলীয় পতাকা উত্তোলন করা হবে। বৃহস্পতিবার দুপুর ২টায় রমনায় ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স-বাংলাদেশ মিলনায়তনে বিএনপির উদ্যোগে আলোচনা সভা হবে। শুক্রবার বেলা ১১টায় শেরেবাংলা নগরে শহিদ জিয়ার মাজারে সুরা ফাতেহা পাঠ ও পুষ্পস্তবক অর্পণ করবেন দলের জাতীয় স্থায়ী কমিটির সদস্যসহ কেন্দ্রীয় নেতারা। এছাড়া দিবসটি উপলক্ষ্যে পোস্টার, পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ এবং দলের অঙ্গ, সহযোগী ও বিভিন্ন পেশাজীবী সংগঠন সুবিধামতো আলোচনা সভা ও শীতবস্ত্র বিতরণ করবে। সারাদেশে দিবসটি উপলক্ষ্যে বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনসমূহ আলোচনা সভাসহ অন্যান্য কর্মসূচি পালন করবে। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

## বিচার বিভাগ নিয়ে জনগণকে বিভ্রান্ত করবেন না : নুরকে হাইকোর্ট

বিচারকদের নিয়ে আপত্তিকর বক্তব্যের কারণে গণঅধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুরের বিরুদ্ধে আনা আদালত অবমাননার অভিযোগের ব্যাখ্যা ও রুলের পরবর্তী শুনানির জন্য আগামী ১৫ ফেব্রুয়ারি দিন ঠিক করেছেন হাইকোর্ট। আজ বুধবার হাইকোর্টের বিচারপতি জে বি এম হাসান ও বিচারপতি রাজিক-আল-জলিলের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই দিন ঠিক করে আদেশ দেন। আদালতের ভিপি নুরের পক্ষে ছিলেন সিনিয়র আইনজীবী এ জে মোহাম্মদ আলী। শুনানিতে গণঅধিকার পরিষদের সভাপতি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুরকে উদ্দেশ করে হাইকোর্ট বলেছেন, 'আপনারা রাজনৈতিক নেতা, ভবিষ্যতে হয়তো রাষ্ট্র পরিচালনায় আসবেন, তাই বিচার বিভাগ নিয়ে জনগণকে বিভ্রান্ত করবেন না। আপনার বক্তব্য যেভাবে পত্রিকায় এসেছে, এভাবে বলে থাকলে বিচার বিভাগ ভেঙে পড়বে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

## নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা হয়নি ২৪১ আসনে : টিআইবি

দ্বাদশ সংসদ নির্বাচনে ২৯৯ আসনের মধ্যে ২৪১টি আসনে প্রতিদ্বন্দ্বিতা হয়নি বলে দাবি করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, টিআইবি। সংস্থাটি বলছে, 'নির্বাচন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এবং অংশগ্রহণমূলক দেখাতে নিজ দলীয় স্বতন্ত্র প্রার্থী দিয়ে নির্বাচন করলেও বেশিরভাগ আসনে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা হয়নি।' আজ বুধবার সকালে ধানমন্ডির মাইডাস সেন্টারে টিআইবি আয়োজিত `দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রক্রিয়া ট্র্যাকিং, শীর্ষক প্রতিবেদন প্রকাশ অনুষ্ঠানে এ তথ্য জানানো হয়। টিআইবির গবেষণা প্রতিবেদনে বলা হয়, 'ভোটের দিন সারাদেশে অধিকাংশ কেন্দ্রে আওয়ামী লীগ এবং স্বতন্ত্র প্রার্থী ছাড়া অন্য দলের প্রার্থীদের পোলিং এজেন্ট ছিল না। প্রতিপক্ষের প্রার্থীদের এজেন্টদের হুমকির মাধ্যমে কেন্দ্রে প্রবেশ করা থেকে বিরত রাখা হয়। ভোটের দিন স্বল্প ভোটার আগমন এবং ডামি লাইন তৈরি, বিভিন্ন আসনে অন্য দলের প্রার্থীর এজেন্ট বের করে দেওয়া, ভোটের আগে ব্যালটে সিল মারা, ভোট চলাকালে প্রকাশ্যে সিল মারাসহ বিভিন্ন অনিয়মের অভিযোগ করে আওয়ামী লীগের পরাজিত প্রার্থী ও স্বতন্ত্র প্রার্থীরা।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

## প্রধানমন্ত্রীকে এডিবি প্রেসিডেন্টের অভিনন্দন বার্তা

টানা চতুর্থ মেয়াদে বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন এশীয় উন্নয়ন ব্যাংক, এডিবির প্রেসিডেন্ট মাসাতসুগু আসাকাওয়া। প্রধানমন্ত্রীকে পাঠানো এক অভিনন্দনপত্রে তিনি লেখেন, 'গত ১৫ বছরে আপনার নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নের সব ক্ষেত্রে অসাধারণ অগ্রগতি করেছে, অব্যাহত উন্নয়ন অগ্রগতির জন্য একটি দৃঢ় ভিত্তি প্রদান করেছেন।' আজ বুধবার সকালে প্রধানমন্ত্রীর সরকারি

বাসভবন গণভবনে সাক্ষাৎকালে এডিবির কান্ট্রি ডিরেক্টর এডিমন গিনটিং অভিনন্দন বার্তা হস্তান্তর করেন। মাসাতসুগু আসাকাওয়া বলেছেন, 'বাংলাদেশের বিশ্বস্ত এবং দীর্ঘস্থায়ী উন্নয়ন সহযোগী হিসেবে এডিবি একটি গভীর অংশীদারত্বের মাধ্যমে শেখ হাসিনার সরকারের উদ্যোগকে সমর্থন করতে প্রস্তুত রয়েছে।' অভিনন্দন বার্তায় তিনি আরো বলেন, 'বাংলাদেশের সমৃদ্ধির যাত্রায় সহায়তা করতে এডিবি আপনার সঙ্গে কাজ করার জন্য উন্মুখ।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

## সুন্দর ভবিষ্যতের জন্য শেখ হাসিনার প্রত্যাবর্তন অত্যন্ত জরুরি ছিল : এডিমন গিনটিং

বাংলাদেশের সুন্দর ভবিষ্যতের জন্য প্রধানমন্ত্রী হিসেবে শেখ হাসিনার প্রত্যাবর্তন অত্যন্ত জরুরি ছিল বলে উল্লেখ করেছেন এশীয় উন্নয়ন ব্যাংক, এডিবির কান্ট্রি ডিরেক্টর এডিমন গিনটিং। আজ বুধবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে বৈঠককালে তিনি এ কথা বলেন। এদিন গণভবনে সাক্ষাৎকালে টানা চতুর্থ মেয়াদে প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে এডিবি প্রেসিডেন্ট মাসাতসুগু আসাকাওয়ার পাঠানো অভিনন্দনপত্র হস্তান্তর করেন গিনটিং। এডিবির কান্ট্রি ডিরেক্টরের বরাত দিয়ে প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি কে এম শাখাওয়াত মুন সাংবাদিকদের বলেন, 'এডিবির কান্ট্রি ডিরেক্টর টানা চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে বলেছেন, এডিবি খুবই খুশি।' গিনটিং বলেন, এডিবি দীর্ঘদিন ধরে বাংলাদেশের উন্নয়ন সহযোগী হিসেবে কাজ করছে। আগামী দিনগুলোতেও একসঙ্গে কাজ করতে প্রস্তুত। এডিবি বাংলাদেশের সঙ্গে কাজ করতে সবসময় প্রস্তুত।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

## চতুর্থ মেয়াদে প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রীর

বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে টানা চতুর্থ মেয়াদে নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী টনি ব্লেয়ার। শেখ হাসিনাকে লেখা এক অভিনন্দন বার্তায় তিনি বলেন, 'বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে টানা চতুর্থবারের মতো আওয়ামী লীগকে বিজয়ী করায় আমি আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।' ইনস্টিটিউট ফর গ্লোবাল চেঞ্জের নির্বাহী চেয়ারম্যান টনি ব্লেয়ার বলেন, 'নির্বাচনের এই ফলাফল বিগত বছরগুলোতে বাংলাদেশের উল্লেখযোগ্য উন্নয়নকে এগিয়ে নিতে আপনার নেতৃত্ব এবং নিষ্ঠার কথাই বলে।' তিনি বলেন, 'বাংলাদেশের সাফল্যের গল্প বহুমুখী, এটি একটি শক্তিশালী রফতানি খাত দ্বারা পরিচালিত, একটি বিকাশমান মধ্যবিত্ত শ্রেণির উত্থান এবং রয়েছে তরুণ ও শিক্ষিত কর্মশক্তির গতিশীলতা।' টনি ব্লেয়ার আরো বলেন, এটি বাংলাদেশের স্বল্প আয় থেকে একটি নিম্ন-মধ্যম আয়ের দেশে রূপান্তরের যাত্রা, যা জনগণের মঙ্গলের প্রতি আপনার অঙ্গীকারেরই প্রমাণ।' তিনি বলেন, আপনি যখন আপনার পরবর্তী মেয়াদ শুরু করবেন, আমি আত্মবিশ্বাসী যে, বাংলাদেশ তার উন্নতি অব্যাহত রাখবে, নতুন মাইলফলক অর্জন করবে এবং সুশাসনের জন্য বৈশ্বিক মানদণ্ড স্থাপন করবে।'
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

## নির্বাচন পাতানো ছিল না : ওবায়দুল কাদের

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন পাতানো ছিল না বলে দাবি করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেছেন, 'বিরোধীরা নির্বাচন বয়কট করায় নতুন রণকৌশল নিতে হয়েছে। যেখানে জনগণের অংশগ্রহণে নির্বাচন অবাধ, সুষ্ঠু ও প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হয়েছে।' নির্বাচন নিয়ে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, টিআইবির বক্তব্যের প্রতিক্রিয়ার তিনি বলেন, 'নির্বাচন পাতানো ছিল না। নামিদামি অনেক দেশ নির্বাচন পর্যবেক্ষণ করেছে। এমনকি নির্বাচনের পর বিভিন্ন দেশ অভিনন্দন জানিয়েছে। যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাসও সরকারকে অভিনন্দন জানিয়েছেন।' আজ বুধবার দলটির কেন্দ্রীয় কার্যালয়ে এক যৌথসভার প্রারম্ভিক বক্তব্যে তিনি এসব দাবি করেন। ওবায়দুল কাদের বলেন, 'নির্বাচন প্রতিদ্বন্দ্বিতামূলক হয়েছে। বিরোধী দলের নির্বাচন বয়কট করায় নতুন রণকৌশল নিতে হয়েছে। স্বতন্ত্র সংসদ সদস্য বড় অংশ। জনগণের অংশগ্রহণে অবাধ, সুষ্ঠু নির্বাচন করতে এ রণকৌশল নিতে হয়েছে। যার সোনালি ফসল আমরা ঘরে তুলেছি। দুই-একটা বিচ্ছিন্ন ঘটনা ছাড়া নির্বাচন শান্তিপূর্ণ হয়েছে। নির্বাচন নিয়ে এখন অনেকে অনেক কথাই বলবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

## ডেঙ্গুর প্রকোপ কমে যাবে সেটা বলা যাবে না : স্থানীয় সরকারমন্ত্রী

ডেঙ্গুর প্রকোপ কমে যাবে সেটা বলা যাবে না বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী তাজুল ইসলাম। আজ বুধবার বেলা ১১টায় মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক জাতীয় কমিটির প্রথম সভায় তিনি সাংবাদিকদের এ কথা বলেন। পরিবেশবান্ধব কীটনাশক আমদানির বিষয়ে এক প্রশ্নের জবাবে স্থানীয় সরকারমন্ত্রী বলেন, 'পরিবেশবান্ধব কীটনাশকই ব্যবহার করি। ২০১৯ সাল থেকে এটা আমরা আমদানি শুরু করেছি। এরই মধ্যে আরো কিছু কিছু কীটনাশক আবিষ্কার হয়েছে যেটা আরো বেশি কার্যকরী এবং পরিবেশের জন্য কম ঝুঁকিপূর্ণ। সেগুলো বাণিজ্যিকভাবে আমদানির জন্য বিভিন্নজনকে উৎসাহিত করছি। আমাদের সিটি কর্পোরেশনগুলো সীমিত আকারে এটি ব্যবহার করছে।' এক বছরের কর্মপরিকল্পনার কথা উল্লেখ করে মন্ত্রী

বলেন, 'প্রতি বছরই কর্মসূচি আছে। এ বছরের জন্য আমাদের নতুন কোনো থ্রেট আছে কি না সেটি সবাই মিলে চিহ্নিত করতে বসেছি।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

**যুক্তরাষ্ট্রের সঙ্গে কাজ করার ব্যাপারে আলোচনা ফলপ্রসূ : পররাষ্ট্রমন্ত্রী**

মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের সঙ্গে একযোগে ঘনিষ্ঠভাবে কাজ করার ব্যাপারে ফলপ্রসূ আলোচনা হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ বুধবার দুপুরে মন্ত্রণালয়ে মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস ও ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। নির্বাচনের পর বিভিন্ন নিষেধাজ্ঞা আসতে পারে বলে গুঞ্জন ছিল। কিন্তু আজকের বৈঠকে পিটার হাসকে হাস্যোজ্জ্বল দেখা গেছে, সেই অস্বস্তি কতটা কাটলো এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আমরা উভয় দেশ একযোগে ঘনিষ্ঠভাবে কাজ করার ব্যাপারে ফলপ্রসূ আলোচনা করেছি।' মন্ত্রী বলেন, 'আজ দুপুরে মার্কিন রাষ্ট্রদূত এবং ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত আমার সঙ্গে সাক্ষাৎ করতে এসেছিলেন। দুই রাষ্ট্রদূতের সঙ্গেই আমার ফলপ্রসূ আলোচনা হয়েছে। মার্কিন রাষ্ট্রদূতের সঙ্গে অত্যন্ত ঘনিষ্ঠ ও ফলপ্রসূ আলোচনা হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্র স্বাধীনতার পর থেকে বাংলাদেশের একটি বড় উন্নয়ন সহযোগী। বাণিজ্য ক্ষেত্রেও তারা একটি বড় বাণিজ্যের অংশীদার। আমি গত ৫২ বছরের পথচলায় মার্কিন সহায়তার জন্য রাষ্ট্রদূতকে ধন্যবাদ জানিয়েছি। আমরা উভয়েই আমাদের সম্পর্ক আরো ঘনিষ্ঠ করার ব্যাপারে একমত হয়েছি। মার্কিন রাষ্ট্রদূতও নতুন সরকারের সঙ্গে সম্পর্ক আরো ঘনিষ্ঠ করার জন্য বাণিজ্য বিস্তৃত করা ও সরাসরি বিনিয়োগ বাড়াতে কাজ করার বিষয়ে আলোচনা করেন।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

**অবৈধ ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার বন্ধে শিগগীরি অভিযান : স্বাস্থ্যমন্ত্রী**

দেশের আনাচে-কানাচে অবৈধভাবে গড়ে ওঠা ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও স্বাস্থ্যকেন্দ্র বন্ধ করতে শিগগীরি অভিযান শুরু করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। আজ বুধবার দুপুরে বনানী কবরস্থানে পঁচাত্তরের ১৫ আগস্ট স্বাস্থ্যমন্ত্রীর বাল্যবন্ধু শেখ কামালসহ অন্যান্য শহিদদের কবর জিয়ারত ও পুস্পস্তবক অর্পণ শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। তিনি বলেন, 'অবৈধভাবে স্বাস্থ্যকেন্দ্রগুলো বন্ধ করে দিতে সকালেই সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা দিয়েছি। আমি কর্মকর্তাদের কাছে জানতে চেয়েছি দেশে প্রকৃতপক্ষে কতগুলো অবৈধ ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার ও স্বাস্থ্যকেন্দ্র আছে। যতগুলোই থাকুক বন্ধ করে দিতে হবে।' হুঁশিয়ারি দিয়ে তিনি বলেন, `অভিযানের আগেই অবৈধ ক্লিনিক-ডায়াগনস্টিক সেন্টার মালিকরা নিজেরা বন্ধ করে দিলে ভালো, নাহলে আমরা প্রয়োজনীয় ব্যবস্থা নেবো।, (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

**বাংলাদেশের সঙ্গে সম্পর্ক আরও এগিয়ে নিতে চায় ইইউ : চার্লস হুইটলি**

ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক বহু বছরের উল্লেখ করে এই সম্পর্ককে আরো এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করেছেন ঢাকায় ইইউ প্রতিনিধিদলের প্রধান চার্লস হুইটলি। আজ বুধবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে বৈঠকের পর তিনি সাংবাদিকদের ব্রিফ করে এ কথা জানান। ইইউ রাষ্ট্রদূত হুইটলি বলেন, 'পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের সঙ্গে এটি আমার প্রথম বৈঠক। বেলজিয়ামের সঙ্গে তার জোরালো সম্পর্ক রয়েছে। কারণ তিনি সেখানেই লেখাপড়া করেছেন। আর বেলজিয়াম হচ্ছে ইউরোপীয় ইউনিয়নের প্রধান কার্যালয়।' তিনি বলেন,' বৈঠকে ইইউ-বাংলাদেশের সম্পর্ক নিয়ে আমাদের মধ্যে বিস্তর আলোচনা হয়েছে। আপনারা জানেন, আমাদের অনেকগুলো এজেন্ডা রয়েছে। শিগগীরি নতুন পার্টনারশিপ কো-অপারেশন অ্যাগ্রিমেন্টে সই করতে যাচ্ছি আমরা। এটি অনেক ব্যাপক ও নতুন প্রজন্মের চুক্তি।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৭.০১.২০২৪ প্রতীক)

# BBC

**IRAN SAYS STRIKES TARGETED MILITANT GROUP IN PAKISTAN**

Iran says it has hit a militant group in western Pakistan in a missile attack, its third air strike on another country this week after earlier attacks on targets in Iraq and Syria. Iranian state TV said the operation hit two sites in Balochistan linked to the militant group Jaish al-Adl. Pakistani officials said two children were killed and three others injured. Islamabad said the air strike was an illegal act and wanted it could lead to serious consequences.
(BBC Web Page: 17/01/24, FARUK)

**CHINA'S POPULATION DROPS FOR SECOND STRAIGHT YEAR**

China's population has declined for a second consecutive year, underscoring concerns about the future growth of the world's second-largest economy. Data released on Wednesday showed a population of 1.409 billion at the end of 2023 - a2.08m decrease from 2022. The most recent decline is double that of the previous year, which marked the first population drop in 60 years. But experts say this fall is expected given the country's expanding urban class and record-low birth rate. Beijing on Wednesday said the birth rate

was now down to 6.39 per 1,000 people on par with other advanced East Asian nations such as Japan and South Korea. (BBC Web Page: 17/01/24, FARUK)

**ISRAEL IN HEAVY SOUTH GAZA STRIKES AS HOSTAGES SENT MEDICINE**

Residents of Khan Younis in southern Gaza say they have faced one of the most intense nights of air strikes since the start of Israel's offensive. Videos showed flames light up the sky as the sounds of Israeli bombings and gunfire reverberated across the city. Displaced families have been fleeing a local hospital as fighting closes in. Meanwhile, medicines are being sent for Israeli hostages held by Hamas in exchange for more aid for Palestinian civilians under a Qatar-mediated deal. (BBC Web Page: 17/01/24, FARUK)

**EXPLOSIVES HELD BY ILLEGAL MINERS ROCK NIGERIA CITY**

A massive explosion in the Nigerian city of Ibadan killed two people and injured 77 others overnight. Rescue and recovery efforts are ongoing in seven suburbs of Nigeria's third most-populous city. The cause of the blast is still unclear, but the authorities suspect that it may have been triggered by mining explosives stored in a house. Police have promised a swift inquiry into the explosion. (BBC Web Page: 17/01/24, FARUK)

**US SET TO RE-DESIGNATE HOUTHIS AS TERROR GROUP**

The US is set to re-designate Yemen's Houthi rebels as "global terrorists", senior Biden administration officials have said. Secretary of State Antony Blinken will approve the move amid ongoing attacks on commercial shipping in the Red Sea by the Iran-backed group. The move will require US financial institutions to freeze Houthi funds and its members will be banned from the US. It reverses Mr Blinken's 2021 decision to remove the Houthis from the list. In the waning days of the Trump administration officials imposed the specially designated global terrorist (SDGT) and foreign terrorist organization (FTO) labels on the Houthis. (BBC Web Page: 17/01/24, FARUK)

**UK PM FACES KEY RWANDA VOTE AFTER DEPUTY CHAIRS QUIT**

Rishi Sunak is facing a crucial vote on his Rwanda bill, after two Conservative deputy chairman and a ministerial aide resigned to rebel over the issue. On Tuesday Lee Anderson, Brendan Clarke-Smith and Jane Stevenson stepped down to vote for changes they said would toughen up the legislation. In a blow to the PM's authority, 60 Tory MPs backed rebel amendments. No 10 is confident the bill as a whole will still pass later, but is thought to be preparing to offer concessions. At least four Conservative MPs - including former ministers Robert Jenrick and Suella Braverman - have publicly said they are prepared to vote against the bill if it is not improved. (BBC Web Page: 17/01/24, FARUK)

**COMOROS PRESIDENT WINS FOURTH TERM IN DISPUTED POLL**

Comoros President Azali Assoumani has been re-elected for a fourth term in a poll disputed by the opposition as fraudulent. He secured the win with 63% of the vote, the electoral body Ceni said. However, turnout was low amid an opposition boycott - just 16% of people voted in the presidential election. Opposition candidates alleged instances of ballot stuffing in favour of Mr Assoumani and that polls had closed early, the Reuters news agency reports. Mr Assoumani's campaign team has denied the opposition's claims.
(BBC Web Page: 17/01/24, FARUK)

**ZELENSKY CALLS FOR SEIZED RUSSIAN BILLIONS TO REBUILD UKRAINE**

President Zelensky has called for some of the Russian billions seized by world banks to be sent to rebuild Ukraine. The G7 group is considering taking only the rise in value and interest due since the assets were frozen in 2020. But the Ukrainian president told the BBC all of the money should be used. "If the world has $300bn - why not use it?", he said. The BBC understands central bankers in Europe have concerns over undermining banks safe heaven status. Despite some enthusiasm from the US and UK governments, Europe's central bankers have been far more sceptical about setting a difficult legal precedent that could undermine global financial stability. (BBC Web Page: 17/01/24, FARUK)

**::THE END::**